

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
অতঃপর যখন তাকে প্রসব করলো
বলল, হে আমার পালনকর্তা! আমি
একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি
সে প্রসব করেছে আল্লাহ তা ভুলই
জানেন।
সূরা আল ইমরান ৩৬

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
শ্রীমৎস্য সিমেন্ট
হাট্টের মজবুত সিমেন্ট
সেবা : ০২৯১০০৬৬৬০৫, ০২৯১০২৭০৫

বরিশাল ২২ শোমবার ২৯ জুন ২০২৬ ২৩ মহররম ১৪৪৮ ১৫ আঘাঢ় ১৪৩৩ ১০ম বর্ষ ১৭ সংখ্যা ৪ পৃষ্ঠা ৫ টাকা



সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে: প্রধানমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের প্রস্তুত থাকার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি ২ এর পাতায় দেখুন



বাংলাদেশ জামায়াতে ইসলামী
www.jamat-e-islami.org
www.al-jamiat.com
www.al-jamiat.com



জাকাতভিত্তিক অর্থনীতি চালু করতে হবে: সংসদে জামায়াতে এমপি
কীর্তনখোলা ডেস্ক
সুদের কবর রচনা করে দেশে জাকাতভিত্তিক অর্থনীতি চালু করার দাবি করেছেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য ২ এর পাতায় দেখুন



হাসিনাকে দেশে এনে ফাঁসিতে ঝোলানো হবে: নাসীরুদ্দীন পাটওয়ারী
কীর্তনখোলা ডেস্ক
জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ২ এর পাতায় দেখুন



হাদি হত্যায় সিআইডি'র তদন্ত প্রতিবেদন জমা হয়নি, নতুন তারিখ ১৫ জুলাই
কীর্তনখোলা ডেস্ক
ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যা মামলার অধিকতর তদন্ত প্রতিবেদন জমার জন্য ১৫ জুলাই ২ এর পাতায় দেখুন



ভাড়া নৈরাজ্য ২২ অটোরিকশা-সিএনজি আটকে দিলো শিক্ষার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীতে অতিরিক্ত ভাড়া আদায়ের প্রতিবাদে কয়েকশ বাটারিচালিত অটোরিকশা ও সিএনজি আটকে রেখেছে ব্রজমোহন (বিএম) কলেজ শিক্ষার্থীরা। তাদের সঙ্গে অংশ নিয়েছেন আশপাশের স্কুল

শিক্ষার্থীরাও। রোববার (২৮ জুন) সকাল ১১টা থেকে বরিশাল বিএম কলেজের শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসের সামনে সড়ক অবরোধ করে যানবাহনগুলো আটক করেন। আটক করা যানবাহনগুলো কলেজ ক্যাম্পাসের ভেতরে রাখা হয়।

পরে জেলা প্রশাসন ভাড়া নির্ধারণের আশ্বাস দিলে বিকেল সোয়া ৩টার দিকে গাড়িগুলো ছেড়ে দেওয়া হয়। শিক্ষার্থীদের অভিযোগ, হঠাৎ করে বরিশাল নগরীতে ব্যাটারিচালিত অটোরিকশা ও সিএনজিতে অতিরিক্ত ভাড়া আদায় শুরু

হয়েছে। এ বিষয়ে গত এক সপ্তাহ আগে সিটি কর্পোরেশনের প্রশাসক রবাবর তারা স্মারকলিপি দিয়েছেন। কিন্তু ভাড়া নৈরাজ্য বন্ধে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। তাই রোববার সকাল থেকে অটো ২ এর পাতায় দেখুন

হামের প্রাদুর্ভাব উপসর্গে প্রাণ গেল আরও ৪ জনের, মোট মৃত্যু ৭১২

কীর্তনখোলা ডেস্ক
দেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও চারজনের মৃত্যু হয়েছে। তবে এই সময়ে নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৬১৯ এবং নিশ্চিত হামে ৯৩ জন। সব মিলিয়ে মৃত্যুর সংখ্যা ৭১২। রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এই তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টা পর্যন্ত সময়ের হিসাব দেওয়া হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদন অনুযায়ী, সর্বশেষ ২৪ ঘণ্টায় সারা দেশে আরও ৯৪১ জনের শরীরে হামের উপসর্গ দেখা গেছে। গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা ৯৯ হাজার ২০৭। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামের রোগী শনাক্ত হয়েছে ১১৬ জন। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে ১১ হাজার ৭১০ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে এবং হামের উপসর্গ ২ এর পাতায় দেখুন



বরিশালে ভিটামিন 'এ' গ্লাস ক্যাম্পেইন উদ্বোধন করেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস আক্তার জাহান শিরীন

বরিশাল বিভাগে ১২ লাখ শিশুকে খাওয়ানো হলো ভিটামিন এ গ্লাস ক্যাপসুল

কীর্তনখোলা রিপোর্ট
সারাদেশের মতো বরিশালেও শুরু হয়েছে ভিটামিন এ গ্লাস ক্যাম্পেইন। রবিবার (২৮ জুন) দুপুর ১২ টায় বরিশাল নগরীর দলিল উদ্দিন বালিকা মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে এই ক্যাম্পেইনের উদ্বোধন করেন

সিটি কর্পোরেশনের প্রশাসক আয়ডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। তবে সকাল থেকেই নগরীর কেন্দ্রগুলোতে শিশুদের নিয়ে অভিভাবকদের ভিডিও দেখা গেছে। বিনামূল্যে ভিটামিন-এ গ্লাস ক্যাপসুল শিশুদের খাওয়াতে পেরে খুশি

আগতরা। বরিশাল সিটি কর্পোরেশনের ৩০ টি ওয়ার্ডসহ নগরীতে ২২০ টি কেন্দ্রে ৫৮ হাজার ৯৫০ জন শিশুকে ভিটামিন 'এ' গ্লাস ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্য মাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বছর বরিশাল সিটি ২ এর পাতায় দেখুন



পাওনা পরিশোধের দাবিতে অলিম্পিক সিমেন্ট শ্রমিকদের সড়ক অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট
বকেয়া পরিশোধ এবং শ্রমিকদের চাকরির নিরাপত্তা নিশ্চিতের দাবিতে বরিশালে বিক্ষোভ মিছিল ও সড়ক অবরোধ করেছেন অলিম্পিক সিমেন্ট আন্ড ফাইবার লিমিটেডের শ্রমিক-কর্মচারীরা। রোববার সকাল ১০টায় কারখানার প্রধান ফটক থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি গ্যাস টারবাইন এলাকা থেকে রূপাতলী গোলচত্বর পর্যন্ত বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে বেলা ১১টার দিকে রূপাতলী গোলচত্বরে সড়ক অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করেন শ্রমিকেরা। এতে প্রায় তিন শতাধিক শ্রমিক-কর্মচারী ২ এর পাতায় দেখুন

রামপুরায় মানবতাবিরোধী অপরাধ হাবিবুর রহমানসহ তিন জনের মৃত্যুদণ্ড, চঞ্চলের ২০ বছরের কারাদণ্ড

কীর্তনখোলা ডেস্ক
জুলাই গণঅভ্যুত্থানের সময় রাজধানীর রামপুরায় নির্মাদাখীন একটি ভবনের কার্নিশে ঝুলে থাকা এক তরুণকে গুলি করা এবং দুজনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলার ডিএমপি'র সাবেক কমিশনার হাবিবুর রহমানসহ তিনজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন ট্রাইব্যুনাল। একইসঙ্গে রামপুরা পুলিশ ফাঁড়ির তৎকালীন সহকারী উপপরিদর্শক (এএসআই) চঞ্চল চন্দ্র সরকারকে ২০ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। রোববার (২৮ জুন) দুপুর ১২টা ২৫ মিনিটে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এর চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্শুজা ২ এর পাতায় দেখুন



তথ্যমন্ত্রীর আমন্ত্রণে বিবাহোত্তর সংবর্ধনায় গৌরনদী-আগৈলঝাড়ার প্রশাসনিক কর্মকর্তারা

এস এম নয়ন, গৌরনদী বরিশাল-১ (গৌরনদী-আগৈলঝাড়া) আসনের বারবার নির্বাচিত সংসদ সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচারমন্ত্রী এম জহির উদ্দিন স্বপনের একমাত্র পুত্র মো. আরেক জনের ২ এর পাতায় দেখুন

বিবাহোত্তর সংবর্ধনা অনুষ্ঠান শনিবার রাতে ঢাকার সেনাকুঞ্জে অনুষ্ঠিত হয়েছে। জাকজমকপূর্ণ এ অনুষ্ঠানে দেশের শীর্ষ পর্যায়ের রাজনৈতিক, প্রশাসনিক, সামরিক ও বিভিন্ন অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে

মন্ত্রিপরিষদের সদস্য, উপদেষ্টা, সচিব, ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তা, কূটনীতিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার আমন্ত্রিত অতিথিরা অংশ নেন। তথ্য ও সম্প্রচারমন্ত্রী এম জহির উদ্দিন স্বপনের বিশেষ আমন্ত্রণে তার নির্বাচনী এলাকা ২ এর পাতায় দেখুন

স্কুল ফিডিংয়ের ডিম-বিক্রি আত্মসাত, প্রধান শিক্ষিকাকে তলব

কীর্তনখোলা রিপোর্ট
স্কুল ফিডিং কর্মসূচির আওতায় শিক্ষার্থীদের জন্য বরাদ্দ করা ২৪৪টি ডিম ও ২২ প্যাকেট বিকৃষ্ট আত্মসাতের অভিযোগ উঠেছে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকার বিরুদ্ধে। অভিযোগটি সামাজিক যোগাযোগমাধ্যম ও গণমাধ্যমে প্রকাশের পর বিবয়টি অমলে নিয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিস তাকে জরুরি ভিত্তিতে কৈফিয়ত তলব করেছে। রোববার (২৮ জুন) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শিক্ষার্থীদের পুষ্টি নিশ্চিত করতে সরকারের নেওয়া 'স্কুল ফিডিং' কর্মসূচিতে কোনো ধরনের অনিয়ম বা দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান বজায় রাখা ২ এর পাতায় দেখুন



বরিশালে ফুটপাতে দখল করে ব্যবসা, ৪ ব্যবসায়ীকে জরিমানা

কীর্তনখোলা রিপোর্ট
ফুটপাতে দখল করে অবৈধভাবে ব্যবসা পরিচালনার অপরাধে চার ব্যবসায়ীকে জরিমানা করেছে বরিশাল সিটি কর্পোরেশনের (বিসিসি) আয়মাণ এলাদলত। একই সময় চলাচলের পথ দখল করে রাস্তার ওপর গড়ে তোলা অবৈধ স্থাপনাও উচ্ছেদ করা হয়েছে। রোববার (২৮ জুন) দুপুরে বিসিসি'র প্রধান নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: রায়হান উজ্জমান এর নেতৃত্বে নগরীর চরকাউয়া খোয়াঘাট এলাকায় এ অভিযান পরিচালিত হয়। সিটি কর্পোরেশন জানায়, চর কাউয়া খোয়াঘাট এলাকায় দীর্ঘদিন ধরে কিছু অসাধু ব্যবসায়ীরা জনসাধারণের চলাচলের রাস্তা ও ফুটপাতে দখল করে ব্যবসা পরিচালনা করে আসছিলেন। এতে চরম ভোগান্তিতে পড়ছিলেন স্থানীয় বাসিন্দা ও পথচারীরা। এমন অভিযোগের ভিত্তিতে রোববার ওই এলাকায় অভিযান চালানো হয়। অভিযানকালে ফুটপাট ও রাস্তা দখল করে চালাচ্ছে বিসি স্ট্রিট সততা পাওয়ার চারজন ব্যবসায়ীকে আটক করা হয়। পরে অভিযুক্ত ৪ ব্যবসায়ীকে ২ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়ক দফায় দফায় সংঘর্ষে তিন ঘণ্টা যান চলাচল বন্ধ

কীর্তনখোলা ডেস্ক
ফরিদপুরের ভাঙ্গা উপজেলার পুকুরিয়া বাসস্ট্যাণ্ডে উভয় পাশে যাত্রীবাহী বাসসহ দূরপাল্লার কয়েক শ অধিপত্না বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটেছে। রোববার সকাল সাড়টার দিকে একদফা সংঘর্ষের পর পৌনে ১০টার দিকে আবার সংঘর্ষ শুরু হয়। পরে পৌনে দিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও রাজনৈতিক দলের নেতাদের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। পুকুরিয়া বাসস্ট্যাণ্ডের দখল নিয়ে হওয়া এ সংঘর্ষের কারণে পুশিশ ও স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা

যানবাহন চলাচল বন্ধ ছিল। এতে মহাসড়কের চলাচল। তিন ঘণ্টা পর সংঘর্ষ থামলে যান চলাচল আবার স্বাভাবিক হয়। এর আগে সংঘর্ষ চলাকালে ভাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, 'আমরা সংঘর্ষ থামানোর চেষ্টা করে যাচ্ছি। ফরিদপুর থেকে

অতিরিক্ত পুলিশ পাঠানোর আবেদন করা হয়েছে।' পুলিশ ও স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা গেছে, পুকুরিয়া ২ এর পাতায় দেখুন



দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। গ্রাহ্যকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। অগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

শত শত শিশুদের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক সচীবা শিক্ষক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য

বইটি প্রসঙ্গভিত্তিক ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক, সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সুজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাণ্ড্যার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্দা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি বাজাররোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ শাহরারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি হাট নল দে কলকাতা মার্কেট, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট নল দে কলকাতা মার্কেট, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের হাটের পাশে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ হাটের পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ হাটের পাশে 01717-488083

সম্পাদকীয় সম্পর্কের অগ্রযাত্রা অব্যাহত থাক

চীন বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী। বাংলাদেশের উন্নয়ন কর্মকাণ্ডে চীনের সহযোগিতা দীর্ঘ সময় ধরে চলে আসছে। পাশাপাশি বাংলাদেশে রয়েছে চীনের বিপুল বিনিয়োগ। দুই দেশের মধ্যে বিনামূল আস্থা ও সহযোগিতার এই সম্পর্ককে আরো এক ধাপ এগিয়ে নিয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর। এই সফরে দুই দেশের মধ্যে ১৭টি চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে। পাশাপাশি বাংলাদেশে বিনিয়োগের বাণীপারে চীনা বিনিয়োগকারীদের পক্ষ থেকে ক্যানক সাড়া পাওয়া গেছে। প্রধানমন্ত্রী তারেক রহমান গত ২৬ জুন সকালে চীনের প্রেসিডেন্ট শি চিনপিংয়ের সঙ্গে বৈঠক করেন। অত্যন্ত আন্তরিক ও হৃদযাতাপূর্ণ পরিবেশে দুই নেতা পারস্পরিক স্বার্থসিদ্ধিই বিষয়ে আলোচনা করেন। তাঁদের আলোচনায় বিশেষভাবে গুরুত্ব পেয়েছে স্বাস্থ্যসেবা, সংস্কৃতি ও শিক্ষা, স্থানীয় সরকার পর্যায়ে বিনিয়ম ও সহযোগিতা জেরদার, আঞ্চলিক ভূ-রাজনীতি, বাণিজ্য, বিনিয়োগ, দীর্ঘমেয়াদি কৌশলগত অংশীদারি ইত্যাদি। চীনের প্রেসিডেন্ট বলেন, চীন সব সময় বাংলাদেশের নির্ভরযোগ্য বন্ধু, ভালো প্রতিবেশী ও অংশীদার। মৌলিক স্বার্থ ও গুরুত্বপূর্ণ উদ্দেশ্যের বিষয়গুলোতে উভয় দেশ পরস্পরকে সমর্থন অব্যাহত রাখে। বাংলাদেশের সঙ্গে বৈট আভ রোড উদ্যোগ এবং আঞ্চলিক সহযোগি বৃদ্ধি করতে চীন-মায়ানমার-বাংলাদেশ অর্থনৈতিক করিডোর উন্নয়ন এগিয়ে নেওয়ার বিষয়ে চীনের সহযোগিতার কথাও জানান তিনি। এর আগে গত বৃহস্পতিবার বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে প্রধানমন্ত্রী তারেক রহমান ও চীনের প্রধানমন্ত্রী শি ছিয়াংয়ের নেতৃত্বে দ্বিপাক্ষীয় বৈঠক অস্বীত হয়। আনুষ্ঠানিক বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষীয় সম্পর্কের বিভিন্ন বিষয়; যেমনউৎপনৈতিক সহযোগিতা, বিনিয়োগ, বাণিজ্য সহপ্রসঙ্গ, গরকাঠামো উন্নয়ন, পানিসম্পদ ব্যবস্থাপনা, প্রতিরক্ষা সহযোগিতাসহ আঞ্চলিক ও আন্তর্জাতিক স্বার্থসংগতি বিষয়াদি নিয়ে অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এবং খোলা মনে বিস্তারিত আলোচনা হয়। বৈঠক শেষে দুই প্রধানমন্ত্রীর উপস্থিতিতে বিভিন্ন করে পারস্পরিক সহযোগিতা বিষয়ক চুক্তি ও সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। সই হওয়া সমঝোতা স্মারকের মধ্যে রয়েছে বিনিয়োগ সহায়তা, জিডিআই, মানবসম্পদ উন্নয়নে সহায়তা, চীনের ভাষাশিক্ষা এবং গণমাধ্যমের নানা পরিসরে সহায়তা। বিনিয়োগ সহযোগিতায় চারটি চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতি, গণমাধ্যম খাতে সহযোগিতা জেরাদারে বাংলাদেশ-চীনের মধ্যে চারটি সমঝোতা স্মারক সই হয়। বিনিয়োগ সহায়তায় স্বাক্ষরিত চারটি গুরুত্বপূর্ণ চুক্তি ও বিনিয়োগ প্রতিশ্রুতির মধ্যে রয়েছে বাণ্যেরহাটের মোলাো বন্দরের পাশে চীন-বাংলাদেশ মোলাো পোর্ট অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন, চট্টগ্রামের আন্ডারয়ার চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চল, বাংলাদেশে বিনিয়োগ প্রসার, ব্যাবাসিক সহযোগি বৃদ্ধি এবং চীনা বিনিয়োগকারীদের সহায়তা জেরাদার করা। এ ছাড়া ব্রিকসে বাংলাদেশের অন্তর্ভুক্তির বিষয়ে চীন সহযোগিতা করবে বলে আশ্বস্ত করেন চীনের প্রধানমন্ত্রী। গত ২৫ জুন চীনের পানিসম্পদমন্ত্রী লি গোয়েংইং ও প্রধানমন্ত্রী তারেক রহমানের মধ্যে বৈঠক অস্বীকৃত হয়। বৈঠকে তিন্তাসহ বাংলাদেশের বিভিন্ন নদীর পানি ব্যবস্থাপনায় দুই দেশের সহযোগিতা বাড়ানোর বিষয়ে একমত হয়। চীনা কমিউনিস্ট পার্টি ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মধ্যেও একটি সমঝোতা স্মারক সই হয়। বাংলাদেশ ও চীনের মধ্যে বহুমুখিক ও কৌশলগত সম্পর্ক বিনামূল। সময়েের পরীক্ষায় উত্তীর্ণ এই সম্পর্ক প্রধানমন্ত্রী তারেক রহমানের সফরের মধ্য দিয়ে আরো গতিপ্রাপ্ত হয়েছে। আমরা আশা করি, আগামী দিনগুলোতে দুই দেশের সম্পর্ক ক্রমাগত এগিয়ে যাবে।

হাদি হত্যা সিআইডি তদন্ত

দিন ধারি কান্দে আদালত। রোববার (২৮ জুন) আদালতে এ প্রতিবেদনে জমা দেওয়ার কথা ছিল। তবে তদন্ত সংস্থা পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) তা জমা দিতে না পারায় ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জশিতা ইসলাম নতুন তারিখ নির্ধারণ করেন। মামলার তথ্য অনুযায়ী, গত বছরের ১২ ডিসেম্বর জুমার নামাজ শেষে বাসায় ফেরার পথে পল্টন থানার বস্ত্র কালভার্ট রোড এলাকায় শশন্ত দুর্ভূঁদের গুলিতে আহত হন শরিফ ওসমান হাদি। পরে উন্নত চিকিৎসার জন্য তাকে সিঙ্গাপুরে নেওয়া হলে ১৮ ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। হামলার ঘটনার দুই দিন পর ১৪ ডিসেম্বর ইনকিলাব মঞ্চের সদস্যসচিব আবদুল্লাহ আল জাবের বাদী হয়ে পল্টন থানায় মামলা করেন। এরপর ২০ ডিসেম্বর তদন্ত কর্মকর্তার আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সিদ্দিক আজাদ মামলায় দণ্ডবিধির ৩০২ ধারায় হত্যার অভিযোগ সংযোগজের আদেশ দেন। পরবর্তীতে চলতি বছরের ৬ জানুয়ারি গোয়েন্দা পুলিশের (ডিবি) পরিদর্শক ফয়সাল আহমেদ ১৭ জনকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র জমা দেন। তবে সেই অভিযোগপত্রে আপত্তি জানিয়ে ১৫ জানুয়ারি মামলার বাদী নারাজি আবেদন করেন। বাদীর আবেদন আমলে নিয়ে আদালত অভিযোগপত্রের ওপর সরাসরি অগ্রসর না হয়ে মামলাটি অধিকতর তদন্তের জন্য সিআইডিকে দায়িত্ব দেন। ডিবির জমা দেওয়া অভিযোগপত্রে অভিযুক্ত ১৭ জনের মধ্যে ১১ জন বর্তমানে কারাগারে রয়েছেন। বাকি ছয়জন পলাতক বলে তদন্ত থথিতে উল্লেখ করা হয়েছে।

হাসিনাকে দেশে এনে

দেশে ফিরিয়ে এনে ফাঁসির কাঠে ঝোলানো হবে। তিনি বলেন, ভবিষ্যতে দেশে আবারও কোনো ধরনের ফ্যাসিবাদী ব্যবস্থা প্রতিষ্ঠার চেষ্টা হলে জনগণ রাজপথে নেমে তা প্রতিহত করবে। রোববার (২৮ জুন) দুপুরে মৌলভীবাজারের জুড়ী উপজেলার কোষা চত্বরে আয়োজিত এক পথসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, ‘শেখ হাসিনা বিচার নিশ্চিত করতে আমরা একাবদ্ধ। তাকে ভারত থেকে দেশে ফিরিয়ে এনে আইনের আওতায় আনা হবে এবং ফাঁসির কাঠে ঝোলানো হবে। আগুয়ামী লীগের প্রপ্নে কোনো আপস বা নয়-ছয় হবে না। যারা আগুয়ামী লীগকে প্রশ্রয় দেবে, তাদের বিরুদ্ধেও আমাদের রাজনৈতিক অবস্থান ও আন্দোলন অব্যাহত থাকবে।’ তিনি আরও বলেন, ‘ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) সীমান্ত দিয়ে পুশইনের মতো ঘটনা ঘটানিছে। মৌলভীবাজারের বিভিন্ন সীমান্ত দিয়ে ভারতীয় নাগরিকদের বাংলাদেশি পরিচয়ে দেশে প্রবেশ করানোর চেষ্টা করা হচ্ছে।’ এ বিষয়ে সীমান্তবর্তী এলাকার মানুষকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, ‘বিজিবির সঙ্গে সমন্বয় করে সীমান্ত পাহারায় ভূমিকা রাখতে হবে, যাতে কোনোভাবেই অবৈধ অনুপ্রবেশ ঘটতে না পারে।’ পথসভায় আরও বক্তব্য দেন এনসিপির নেতা প্রীতম দাস, আফজাল হোসেন, আব্দুল মালিক সাহু ও আমির হামজা। এতে জেলা ও উপজেলা পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভায় বক্তারা দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি, সীমান্ত নিরাপত্তা এবং গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠাসহ বিভিন্ন বিষয়ে বক্তব্য দেন।

জাকাতভিত্তিক অর্থনীতি

(এমপি) মুজিবুর রহমান। রোববার (২৮ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে এই দাবি করেন তিনি। এ বিষয়ে আলোচনায় সমন্বয় করে একটি কমিটি ও জাকাত মন্ত্রণালয় গঠনের প্রস্তাব জানিয়ে মুজিবুর রহমান বলেন, ‘জাকাতভিত্তিক অর্থনীতি বাংলাদেশে চালু করতে হবে। সুদভিত্তিক অর্থনীতির করব চালা করতে হবে। বাংলাদেশেও সুদ বন্ধ করে ইসলামী অর্থনীতি চালু করার একটা চেষ্টা ইসলামী ব্যাংক করেছিল। কিন্তু ‘শকুনের দৃষ্টি’ ইসলামী ব্যাংকের ওপর পড়ার কারণে এই ব্যাংক বিধ্বস্ত হতে চলেছে। তিনি আরও বলেন, আল্লাহতায়াল্লা সুদকে ধ্বংস করেন এবং জাকাতও সাদকাকে বৃদ্ধি করেন। মালয়েশিয়ায় সুদ বন্ধ করে জাকাতভিত্তিক অর্থনীতি চালু করার একটা প্রচেষ্টা অব্যাহত রয়েছে। পৃথিবীর বিভিন্ন দেশ এই জাকাতভিত্তিক অর্থনীতি করার, সুদ বন্ধ করার চেষ্টা করছে। তার মধ্যে উল্লেখযোগ্য দেশ হলো ইরান, বাহরাইন, সৌদি আরব, আরব আমিরাত, কুয়েত, কাতার ও পাকিস্তান।

সমৃদ্ধ বাংলাদেশ গড়তে

বলেন, ‘বর্তমান প্রজন্মই দেশের ভবিষ্যৎ। তাই একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে।’ রোববার (২৮ জুন) সংসদ ভবনের ডিআইপি ক্যাফেটেরিয়ায় মধ্যাহ্নভোজে অংশ নেওয়া শিক্ষার্থীদের উদ্দেশে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা তারেক রহমানের আয়োজনে জাতীয় সংসদ ভবনে মধ্যাহ্নভোজ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সংসদ অধিবেশন দেখতে আসা শিক্ষার্থী, শিক্ষক ও দর্শনাধীরা। তিনি জানান, মধ্যাহ্নভোজে কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর আইন বিভাগের ২৯ জন শিক্ষার্থী, গণসাক্ষরতা অভিযানের সহযোগী সংস্থা ‘সুরভী’র মাধ্যমে আসা সুবিধাবিধিত শিক্ষার্থী ও শিক্ষকসহ ২১ জন এবং তেজগাঁও কলেজ ডিবেটিং সোসাইটির শিক্ষার্থী ও শিক্ষকসহ ১৬ জন অংশ নেন। জাহিদুল ইসলাম রনি জানান, এ সময় প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের খোজখবর নেন এবং তাদের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলেন। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের বলেন, ‘পড়াশোনার পাশাপাশি খেলাধুলার প্রতিও গুরুত্ব দিতে হবে এবং নিজেদের যোগ্য, দক্ষ ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে হবে।’ তিনি জানান, প্রধানমন্ত্রী বলেছেন, ‘বর্তমান প্রজন্মই দেশের ভবিষ্যৎ। তাই একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলতে শিক্ষার্থীদের প্রস্তুত থাকতে হবে।’ এদিকে প্রধানমন্ত্রীর আয়োজনে মধ্যাহ্নভোজে অংশগ্রহণের সুযোগ পেয়ে শিক্ষার্থী ও শিক্ষকরা সরকারপ্রধানের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। শিক্ষার্থীরা সংসদ ভবন পরিদর্শন কর্মসূচির অংশ হিসেবে সংসদ সচিবালয়ের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে ধারণা লাভ করে। এছাড়া, সংসদ লাইব্রেরি পরিদর্শন, উত্তর প্রাঙ্গায় ফটোসেশন এবং সংসদ অধিবেশন কক্ষে সংসদের কার্যক্রম প্রত্যক্ষ করেছে তারা।

বরিশালে ফুটপাতে দখল করে

৮ হাজার টাকা অর্থদণ্ড করা হয়। জরিমানার পাশাপাশি তাৎক্ষণিকভাবে রাস্তার ওপর থাকা সকল অবৈধ স্থাপনা গুঁড়িয়ে দিয়ে পথচারীদের চলাচলের জন্য রাস্তা উন্মুক্ত করে দেন অমায়গা আদালত। অভিযান শেষে প্রধান নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রায়হান উজ্জ জানান জানান, জনসাধারণের অবাধ ও নিরাপদ চলাচল নিশ্চিত করতে সিটি কর্পোরেশনের এই উদ্দেশ্য ও সচেতনতামূলক অভিযান নিয়মিত অব্যাহত থাকবে। কোনো অবস্থাতেই ফুটপাথ বা রাস্তা দখল করে কাউকে ব্যবসা করতে দেওয়া হবে না।

দফায় দফায় সংঘর্ষে তিন

বাসস্ট্যান্ডে আধিপত্য বিস্তার নিয়ে ভাঙ্গার হামেন্দী ইউনিয়নের মহেশ্বরদী মৌজার ১০ গ্রামের সঙ্গে পাশের মানিকদহ ইউনিয়নের পুকুরিয়া মৌজার ৫ গ্রামের মধ্যকার মধ্যে বিরোধ চলে আসছিল। একপক্ষে নেতৃত্বে আছেন হামেন্দী ইউনিয়নের সিরু্ক মোস্তা, অন্যপক্ষে মানিকদহ ইউনিয়নের সুলতান মতুঝকর। শনিবার সন্ধ্যায় মহেশ্বরদী গ্রামের আবদুল কালাম পুকুরিয়া বাসস্ট্যান্ডে গেলে তাঁকে মারধর করা হয়। ওই ঘটনার জেরে সকাল ৭টার দিকে মহেশ্বরদী মৌজার ১০ গ্রামের লোকজন পুকুরিয়া বাসস্ট্যান্ডে গেলে দুই পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এতে মহাসড়কের যান চলাচল বন্ধ হয়ে যায়। সাড়ে সাতটার দিকে সংঘর্ষ ধামলে আবার যান চলাচল স্বাভাবিক হয়। প্রত্যক্ষদর্শী কয়েকজন বলেন, সকাল সাড়ে ৯টার দিকে দুই পক্ষের লোকজন সংঘবদ্ধ হয়ে আবার সংঘর্ষে জড়ান। পুকুরিয়া বাসস্ট্যান্ডের দুই পাশে দুই পক্ষের লোকজন অবস্থান নিয়ে একে অপরের বিরুদ্ধে ইপাটিকলে ছোঁকেন এবং বেশি স্ত্র নিয়ে প্রতিপক্ষের ওপর হামলা করেন। পুলিশ কাদানে গ্যাসের শেল ছুড়ে এবং রাজনৈতিক নেতাদের তৎপরতায় বেলা পৌনে ১টার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনলে যান চলাচল স্বাভাবিক হয়। স্থানীয় বাসিন্দা আল আমিন বলেন, পুকুরিয়া বাসস্টাণ্ড দিয়ে করে সংঘর্ষ হয়। স্ট্যান্ডের দক্ষিণ পাশে মহেশ্বরদী এলাকার লোকজন এবং উত্তর পাশে পুকুরিয়া এলাকার লোকজন জড়ো হয়ে একে-অপরের বিরুদ্ধে হামলা চালান। দুই পক্ষের ছোড়া ইটপাটিকলে পুলিশ, রাজনৈতিক দলের নেতা ও সাংবাদিকদের কেউ কেউ আহত হয়েছেন। ফরিপুরের জেলা প্রশাসক মো. মাজহারুল ইসলাম দপ্তর ১২টার দিকে বলেন, সংঘর্ষ ঠেকাতে অভিযুক্ত পুলিশের পাশাপাশি রয়্গাব ও আনসার সদস্যদের পাঠানো হয়েছে। দ্রুত সংঘর্ষ থামানো সম্ভব হবে বলে তিনি আশা করেন। বেলা একটার দিকে ভাঙ্গা উপজেলা বিএনপির সভাপতি খন্দকার ইকবাল হোসেন বলেন, তিনি সকাল থেকে পুকুরিয়ায় অবস্থান করে সংঘর্ষ ধামানো ও মহাসড়কে যান চলাচল শুরুর চেষ্টা করছিলেন। ইটের আঘাতে সামান্য আহত হলেও তিনি পিছপা হননি। বেলা পৌনে একটার দিকে সংঘর্ষ থামার পর মহাসড়কে আবার যান চলাচল স্বাভাবিক হয়েছে।

হাবিবুর রহমানসহ তিন জনের

মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বিচারিক প্যানেল এ রায় ঘোষণা করেন। ট্রাইব্যুনালের বাকি সদস্যরা হলেন, বিচারপতি মো. শফিউল আলম মাহমুদ ও বিচারক মো. মোহিতুল হক এনাম চৌধুরী। মৃত্যুদণ্ডপ্রাপ্তা হলেন- ডিএমপি'র সাবেক কমিশনার হাবিবুর রহমান, খিলগাঁও জোনের সাবেক এডিসি মো. রাশেদুল ইসলাম ও রামপুরা থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মশিউর রহমান। যাবজ্জীবনপ্রাপ্তরা হলেন- রামপুরা থানার সাবেক উপপরিদর্শক (এসআই) তারিকুল ইসলাম হুইয়া। এদিন বেলা ১১টা ৪৮ মিনিট থেকে রায় পড়া শুরু হয়। প্রথমেই রায়ের কার্যক্রম বাংলাদেশ টেলিভিশনে (বিটিভি) সরাসরি সম্প্রচারের জন্য অনুমতি চান প্রসিকিউটর গাজী এমএইচ ভািম। এরপর অনুমতি সাপেক্ষে এ কার্যক্রম বিটিভিতে সরাসরি দেখানো হয়। শুরুতেই এ মামলার আসামিদের দায় পড়ে শোমান ট্রাইব্যুনাল ১ এর চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা। এরপর চার্জ পড়েই বিচারক মোহিতুল হক এনাম। আর রায় ঘোষণা করেন বিচারপতি শফিউল আলম মাহমুদ। এদিকে, বেলা ১১টা ৩৫ মিনিটে প্রোত্তার থাকা একমাত্র আসামি রামপুরা পুলিশ ফাঁড়ির তত্কালীন এসএসআই চঞ্চল চন্দ্র সরকারকে এজলাসে ডোলা হয়। মামলার অপর চার আসামি পলাতক রয়েছেন। প্রসিকিউশনের তথ্য অনুযায়ী, ২০২৪ সালের ১৯ জুলাই ছাত্র-জনতার আন্দোলনে চালানো পুলিশের গুলি থেকে প্রাণ বিাচাতে রামপুরার বনহী-মেরোদিয়া সড়কের পাশে থাকা একটা নির্মাণধীন ভবনে ওঠেন আমির হোসেন। ওই সময় পুলিশও তার পিছু পিছু যায়। একপর্যায়ে ছাদের কানিসের রড ধরে ঝুলে থাকা আমিরের ওপর ছয় রাউন্ড গুলি ছোড়েন দুই পুলিশ সদস্য। এতে জীবন বাঁচলেও গুরুতর আহত হন তিনি। একই দিন বনহী এলাকায় পুলিশের গুলিতে নাদিম ও মায়ী ইসলাম নামে দুজন নিহত হন।

পাওনা পরিশোধের দাবিতে অলিম্পিক

অংশ নেন। সমাবেশে শ্রমিকেরা দুই মাসের বকেয়া মজুরি, ওভারটাইম, নাইট বিল ও সার্ভিস বেনিফিট দ্রুত পরিশোধের দাবি জানান। একই সঙ্গে কারখানা বিজি হলে শ্রমিকদের চাকরি বহাল রেখে কারখানা হস্তান্তরের আলোচনাতো দেওয়ার আহ্বান জানান তারা। সমাবেশে অলিম্পিক সিমেন্ট আভ ফাইবার লিমিটেড শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি সেলিম সরদারের সভাপতিত্বে বক্তব্য দেন বসন্ত বরিশাল জেলা সমন্বয়ক ডা. মনীষা চক্রবর্তী, বাসদ নেতা গাজী মো. সোহ্রাব হোসেন, সমাজতান্ত্রিক শ্রমিক ফ্রন্টের দপ্তর সম্পাদক মো. শহিদুল ইসলাম, অলিম্পিক সিমেন্ট শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মো. পাভেল হওলাদার প্রমুখ। বক্তারা বলেন, কারখানা বন্ধের নোটিশের পর ১৮ দিন ধরে শ্রমিকেরা চরম অনিশ্চয়তার মধ্যে রয়েছেন। বকেয়া পাওনা না পাওয়ায় অনেক পরিবার মারাত্তর জীবন যাপন করছে। তারা ৩০ জুন জেলা প্রশাসকের সঙ্গে

অনুষ্ঠেয় ত্রিপক্ষীয় বৈঠকে সমস্যার সমাধান এবং চাকরির নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। শ্রমিকনেতারা হুঁশিয়ারি দিয়ে বলেন, ৩০ জুনের বৈঠকে দাবি পূরণ না হলে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। প্রয়োজনে সব কারখানার শ্রমিকদের নিয়ে ঢাকা-বরিশাল মহাসড়ক অবরোধ করা হবে।

হত্যা মামলায়

শ্রেফতার করা হয়েছে। তবে তিনি আশুব সহযোগী কি না, জানা নেই। তিনি জুলাই হত্যাকাণ্ডের অন্যতম আসামি বলে জানি। আর তাকে ছাড়াতে কেউ তদবির করছে না। এদিকে সাদিককে শ্রেফতারের অংশ নেওয়া যাত্রাবাড়ী থানার ওসি (তদন্ত) আবু বকর সিদ্দিক বলেন, তাকে সকালে শ্রেফতার করা হয়েছে। তিনি যে আমুর সহযোগী, সেটাও জানি না। শুধু জানি, তিনি জুলাই হত্যাকাণ্ডের একজন আসামি। জুলাই গণঅভ্যুত্থানের সময় হত্যার শিকার এক ব্যক্তির সন্তান মীম আক্তার আঁখি নামে এক নারী মামলাটি করেন। সেই মামলায় ১০৯ নম্বর আসামি সাইদুর রহমান সাঈদ। এদিকে সাদিককে শ্রেফতারের পর সকাল থেকে যাত্রাবাড়ী থানায় ভিড় করছে কার্যক্রম-নিষিদ্ধ আগুয়ামী লীগের লোকজন। তারা বিভিন্ন ব্যক্তির মাধ্যমে থানা-পুলিশকে ম্যাসেক করার চেষ্টা করছে। এ নিয়ে তদবির করছে বলেও জানা গেছে। জানা গেছে, ২০২৬ সালের ১০ জানুয়ারি যাত্রাবাড়ী থানায় জুলাই গণহত্যাকাণ্ডের ঘটনায় পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালসহ আরও অনেককে আসামি করে একটি মামলা করা হয়। বৌজ নিয়ে জানা গেছে, সাদিক ঢাকার রূপনগরের বাসিন্দা হলেও তিনি সারাক্ষণ আমির হোসেন আমুর সঙ্গে থাকতেন। আমুর এলাকার বিভিন্ন উঠান বৈঠক, সমাবেশ ও মিছিলের আয়োজন করতেন এই সাঈদ। এছাড়াও তিনি আমুর পক্ষে পোস্টার ছাঁড়িয়ে এলাকায় ভোট চাইতেন। তার আটচায়ে অতিষ্ঠ ছিল এলাকাবাসী। তবে এ আগস্টের পর থেকে সাঈদ গা ঢাকা দিয়ে ঢাকায় এসে লুকিয়ে ছিলেন। সকালে তাকে শ্রেফতার করে পুলিশ। এর আগে ১৩ মে আগুয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য, ১৪ দলের সমন্বয়ক ও মুখপাত্র আমির হোসেন আমুর ব্যক্তিগত সহকারী শাওন খানকে শ্রেফতার করে পুলিশ। শাওন খান বালকাঠির নলছিটি উপজেলার পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ও উপজেলা কৃষক লীগের সভাপতি ফিরোজ আলম খানের ছেলে। জানা গেছে, শাওন আমুর ব্যক্তিগত সহকারী ও কম্পিউটার অপারেটর হিসেবে কাজ করে কোটিপতি বনে যান। এ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর তিনি পলাতক ছিলেন।

তথ্যমন্ত্রীর আমন্ত্রণে বিবাহোত্তর সংবর্ননায়

গৌরন্দী ও আগৈলঝাড়া উপজেলার প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারাও অনুষ্ঠানে যোগ দেন। উপস্থিত কর্মকর্তাদের মধ্যে ছিলেন গৌরন্দী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইব্রাহীম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. পলাশ সরকার, গৌরন্দী পৌরসভার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ হারুন এর রশিদ এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা খোকন চন্দ্র দাস। গৌরন্দী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহীম বলেন, “মাননীয় তথ্য ও সম্প্রচারমন্ত্রী এম জহির উদ্দিন স্বপন স্যারের আমন্ত্রণে আমরা অনুষ্ঠানে অংশগ্রহণের সুযোগ পেয়েছি। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী, মন্ত্রী, সচিব, উপদেষ্টাসহ দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন। ব্যস্ততার মধ্যেও মন্ত্রী মহোদয় আমাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন, খোজখবর নিয়েছেন এবং আন্তরিক সময় দিয়েছেন। এটি আমাদের জন্য অত্যন্ত আনন্দের ও স্মরণীয় একটি অভিজ্ঞতা।” অনুষ্ঠানে অংশ নেওয়া কয়েকজন প্রশাসনিক কর্মকর্তা জানান, বিপুল সংখ্যক ডিআইপি অতিথির উপস্থিতি সন্তোে মন্ত্রী এম জহির উদ্দিন স্বপন তাদের সঙ্গে সৌহাদর্পূর্ণ আচরণ করেন এবং আন্তরিকতার সঙ্গে কুশল বিনিময় করেন। তাঁর অতিথিপরায়ণতা ও আন্তরিক ব্যবহারে তারা মুগ্ধ হয়েছেন বলেও জানান। সংবর্ননা অনুষ্ঠানে উপস্থিত কর্মকর্তারা নবদম্পতির সুখী, সমৃদ্ধ ও সফল দাম্পত্য জীবন কামনা করেন। অনুষ্ঠানটি পারিবারিক আয়োজন হলেও খোশো দেশের বিভিন্ন পর্যায়ের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের উপস্থিতি এবং নির্বাচনী এলাকার প্রশাসনিক কর্মকর্তাদের আমন্ত্রণ জানানোর বিষয়টি উপস্থিত অতিথিদের দৃষ্টি আকর্ষণ করে। অনুষ্ঠানটি সৌহাদর্পূর্ণ পরিবেশে সম্পন্ন হয়।

স্কুল ফিডিংয়ের ডিম-বিস্কুট

হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার রানীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা রেশমা আক্তারের বিরুদ্ধে স্কুল ফিডিংয়ের সামগ্রী আত্মসাতের অভিযোগ উঠেছে। এ ঘটনায় জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে অফিস আদেশ জারি করে তার কাছে ব্যাচা চাওয়া হয়েছে। অভিযোগ অনুযায়ী, গত ২৫ জুন বিদ্যালয় ছাউ শেখ ফেরার পথে তিনি স্কুল ফিডিং কর্মসূচির জন্য বরাদ্দ করা ২৪টি ডিম ও ২২ প্যাকেট বিস্কুট নিজের বাসায় নিয়ে যান। পরে বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক এবং বিভিন্ন খ্রিস্ট ও ইসলামিক গণমাধ্যমে প্রকাশিত হলে তা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নজরে আসে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানিয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পুষ্টির জন্য বরাদ্দকৃত খাবারে কোনো ধরনের অনিয়ম বা আত্মসাতের চেষ্টা কোনোভাবেই বরদাশত করা হবে না। সরকারি সেবায় স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গণমাধ্যমে বিষয়টি প্রকাশের পর দ্রুত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া



বাউফল প্রাণিসম্পদ হাসপাতাল: সেবার নামে হয়রানি, পতাকার অবমাননা

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটোরিনারি হাসপাতালের সেবা এখন রীতিমতো সোনার হরিণ। সরকারি সুযোগ-সুবিধা থাকলেও সাধারণ খামারিরা সেবার দেখা পাচ্ছেন না বলে অভিযোগ ছড়কভাদীদের। বরং কার্যালয়টিতে এখন অনিয়ম আর দুর্নীতির অভিযোগ প্রকট হয়ে উঠেছে। সরকারি ওগুধ না দিয়ে বাইরে থেকে কোন্‌র নির্দেশ, নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত অর্থ আদায় এবং সেবা নিতে আসা লোকজনের সঙ্গে দুর্ব্যবহার যেন এখানকার দৈনন্দিন রুটিন। একইসঙ্গে জাতীয় পতাকার মর্যাদা রক্ষায় দায়িত্বপ্রাপ্তদের অবহেলা ও তুচ্ছতাচ্ছিল্লা করার চিত্রও ধরা পড়েছে ক্যামেরায়। সরেজমিনে দেখা যায়, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ডেটোরিনারি হাসপাতালের প্রধান ফটকের বাম পাশে একটি প্রাস্টিকের বঁাকা পাইপে জাতীয় পতাকা টাঙানো হয়েছে। যে পাইপটি একদিকে হস্টলে এবং জাতীয় পতাকার প্রতি এমন অবমাননাকর ও দায়িত্বহীন প্রদর্শন রাষ্ট্রের মর্যাদাকে খাটো করছে বলে মনে করছেন সেতেন মহশ। জাতীয় পতাকা বিধিমালা-১৯৭২ অনুযায়ী পতাকা ব্যবহার ও প্রদর্শনের কঠোর নিয়ম থাকলেও এখানে তা যেন দেখার কেউ নেই। হাসপাতালটিতে সেবা নিতে আসা খামারি ও পণ্ড পালনকারীদের সাথে কথা বলে জানা যায়, ভেতরে ঢুকলেই মেলে না সরকারি সেবা। পণ্ডর চিকিৎসায় অধিকাংশ ক্ষেত্রেই বাইরে থেকে ওগুধ কেনার প্রেসক্রিপশন ধরিয়ে দেওয়া হয়। সরকারি হাসপাতালের সেবা চাট থাকলেও তা মানা হচ্ছে না। অভিযোগ রয়েছে, স্ট্যাফকদের প্রত্যাশিত ‘উৎকোচ’ না দিলে রোগীদের সাথে খারাপ ব্যবহার করা হয়। মদনপুরা গ্রামের শামীম নামের এক খামারি জানান, তার অন্তঃসত্ত্বা ছাগল কুকুরে কামড়ানোর পর হাসপাতালে নিয়ে যান। কিন্তু দায়িত্বরত কর্মকর্তারা বাইরে থেকে ব্রেড কিনে আনতে বলেন। এমনকি ভুক্তভোগী খামারিকেই পণ্ডর ক্ষতস্থান পরিষ্কার করার মতো কাজ করতে বাধ্য করা হয়। পর্যাপ্ত সেবা ও সরকারি ওগুধের অভাবে শেষ পর্যন্ত তার ছাগলটি মারা যায়। চিকিৎসা খরচ ও ওগুধের টাকা জোগাতে গিয়ে তিনি নিঃশ্ব হয়েছেন বলে জানান। সূর্মনি ইউনিয়নের ফারুক হোসেন জানান, আগে তার বড় খামার ছিল। কিন্তু প্রাণিসম্পদ দপ্তরের ডাক্তারদের অবহেলা ও সেবার বিনিময়ে টাকা আদায়ের কারণে তিনি খামার গুলিয়ে নিতে বাধ্য হয়েছেন। অনেক সময় প্রয়োজনে তাদের ফোনও পাওয়া যায় না। এ বিষয়ে জানানতে উঠলে উপজেলা মাঠ সহকারী (কৃত্রিম প্রজনন) মনিরুল ইসলাম জনবল সৎকেটে নোহাই দিয়ে দায় সারেন। অনিয়মের বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা. আবু রায়হান বলেন, ‘যদি কোনব্রাহ্মীতাদের সাথে এ ধরনের ঘটনা ঘটে থাকে, তবে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। খামারিদের চিকিৎসা দেওয়াই আমাদের মূল লক্ষ্য।’ তবে খামারিরা বলছেন, শুধু মৌলিক আশ্বাসে কাজ হবে না, চাই প্রশাসনিক তদারকি। স্থানীয়রা দ্রুত এই দপ্তরটিতে শৃঙ্খলা ফেরাতে এবং প্রকৃত সেবাপ্রার্থীদের ভোগান্তি লাঘবে উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন।

শুরু করা হয়। এছাড়া, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার স্বাক্ষরিত নোটিশে অভিমুখ শিক্ষিকদের ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আশিল) বিধিমালা, ২০১৮’ অনুযায়ী আগামী তিন কার্যদিবসের মধ্যে সশরীরে উপস্থিত হতে হবে। প্রয়োজনিক জবাব দিতে বলা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে উপযুক্ত জবাব দিতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে আইনানুগ বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানানো হয়েছে।

বরিশাল বিভাগে ১২ লাখ শিশুকে

কর্পোরেশনে ৬ থেকে ১১ মাস বয়সী ৮ হাজার ৯০০ জন এবং ১২ থেকে ৫৯ মাস বয়সের ৪৯ হাজার ৭৬০ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ মাত্রা নির্ধারণ করা হয়েছে। এই কার্যক্রম নগরীতে ২২০ টি কেন্দ্রের চলছে। এর মধ্যে ৭ টি মায়ামগ্ন কেন্দ্র রাখা হয়েছে। কেন্দ্রগুলোতে মোট ১৮ টি প্রতিষ্ঠানের ৫০০ জন করে কর্মী অংশগ্রহন করবেন। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত টিকাদান কেন্দ্রগুলো খোলা থাকবে। এছাড়া বরিশাল জেলায় ৩ লাখ ২ হাজার ৮৪৬ জন শিশুকে ভিটামিন ‘এ’ গ্রাস ক্যাপসুল খাওয়ানো হবে। অন্যদিকে জেলার ১০টি উপজেলায় লক্ষমাত্রা ধরা হয়েছে ৩ লাখ ৬০ হাজার ৮৭২ জন শিশু। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয় থেকে জানানো হয়েছে, পুরো বিভাগ জুড়ে এবার মোট ১২ লাখ ৭৪ হাজার ৪৬৩ জন শিশুকে এই ক্যাপসুলের আওতায় আনা হচ্ছে। একই সময় বরিশালের উজিরপুরে সিভিল সার্জন ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর কার্যক্রম উদ্বোধন করেন সিভিল সার্জন। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছেন, দুর্গম চরাঞ্চলের কোনো শিশু যেন এই সুবিধা থেকে বঞ্চিত না হয়, সে লক্ষ্যে বিশেষ টিম কাজ করছে। একই সঙ্গে অভিভাবকদের শিশুদের নিয়ে নিয়মকটস্থ কেন্দ্রে আসার আহ্বান জানানো হয়েছে।

ভাড়া নৈরাজ্য া অটোরিক্সা-সিএনজি

সিএনজিগুলো আটক করা হয়েছে। শিক্ষার্থীদের দাবি, ব্যাটারিচালিত অটোরিকশা ও সিএনজির ভাড়া সিটি করপোরেশনের মাধ্যমে নির্ধারণ করে দিতে হবে। অন্যথায় অটোরিকশা ও সিএনজি চমচেতে দেওয়া হবে না। এদিকে, সিএনজি চালক মো. নান্নু, মো. মামুনসহ অটোরিকশা ও সিএনজি চালকরা জানান, গ্যাসসহ নিতাপ্রদানের মধ্যস্থতা পাওয়ায় তারা যানবাহনের ভাড়া বাড়িয়েছেন। গ্যাস ৬৫০, মালিকের জমা ৬০০ টাকাসহ মোট ১ হাজার ২৫০ টাকা জমা দিতে হয়। এরপর আর তাদের সংসার চালানোর মতো টাকা থাকেনা। তবে শিক্ষার্থীদের জন্য পূর্বের নির্ধারিত ভাড়া নেওয়ার কথাও জানান তারা। বরিশাল কোতয়ালী মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) লুৎফর রহমান বলেন, শিক্ষার্থী এবং শ্রমিকদের নিয়ে বিএম কলেজ ও পুলিশ প্রশাসনের মধ্যস্থতায় বৈঠক হয়েছে। সোমবার জেলা প্রশাসন থেকে ভাড়া নির্ধারণ করে দেওয়ার বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত হয়েছে। তবে এ নিয়ে সোমবার আবার বৈঠক হবে। ওইদিন থেকে নতুন ভাড়া কার্যকর হবে। উভয় পক্ষ সিদ্ধান্তে সম্মতি প্রকাশ করেছেন।

উপসর্গে প্রাণ গেল

নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ৮২ হাজার ৮৪৪ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ৭৯ হাজার ১৫২ জন। সর্বশেষ ২৪ ফন্টারি হামের উপসর্গে মারা যাওয়া চারজনের মধ্যে দুজন ঢাকা বিভাগে এবং সিলেট ও ময়মনসিংহ বিভাগে একজন করে মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।

হারিয়েছে

আমার মেঘনা লাইফ ইন্সুরেন্স পি এল সি এর মূল বীমা দলিল হারিয়েছে যাহার পলিসি নং BA0824462 নামঃ জালাতুল পলিসি নং 04256811 নামঃ মনির হোসেন

নয়াভাঙনী নদীতে লাকড়িবোঝাই

লুট করে বলে অভিযোগ। এ ঘটনায় ট্রালারের মাঝি রেজাউল শেখ বাদী হয়ে মেহেন্দীগঞ্জের কাজীরহাট থানায় অভিযোগ করেছেন। অভিযোগকারী রেজাউল শেখ জানান, তারা কাজীরহাটের রতনপুর এলাকা থেকে লাকড়ি কিনে ট্রলার বোঝাই করেন। ফিরে আসার সময় শনিবার দিবাগত রাত ৩টার দিকে ৪-৫ জন দুর্বু ও রামদা, ডাগার ও ছোরা নিয়ে খাসেরহাট বন্দর এলাকায় নোঙর করে রাখা ট্রলারে ওঠে এবং সবাইকে জিম্মি করে। অভিযোগে বলা হয়, দুর্বৃত্তরা ৪৩ হাজার টাকা, ২টি মোবাইল ফোন, লাইটসহ বিভিন্ন মালামাল নিয়ে যায়। কাজীরহাট থানার পরিদর্শক (তদন্ত) দীপংকর বলেন, বিষয়টি তদন্ত করে নৌপথ নিরাপদ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

অর্ধশতাধিক ড্রেজারে চলছে বালু উত্তোলন

জেলা না মেহেন্দীগঞ্জে, তা তারা জানেন না। এভাবে অবৈধভাবে বালু উত্তোলন করায় প্রায় ৪০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত পানি উন্নয়ন বোর্ডের উলানিয়া রক্ষা বাঁধ হুমকির মুখে পড়ছে। এছাড়াও ভাঙনের করবে পড়তে পারে ১৪ হাজার একরের বিশাল গোবিন্দপুর চরসহ একাধিক গুচ্ছগ্রাম, ফসলি জমি, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, হাট-বাজার, মসজিদ ও ঘরবাড়ি। এ ব্যাপারে মেহেন্দীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রিয়াজুর রহমানের কাছে জানতে চাইলে তিনি মুঠোফোনে সবাদানমধ্যমকে জানান, “আপাদের মাধ্যমেই আমি বিষয়টি জানতে পেরেছি। অতি দ্রুত আইনগত ব্যবস্থা নেব।” এলাকাবাসী জানান, “আমরা নদীর সঙ্গে সংগ্রাম করে কোনো রকম বেঁচে আছি। তার ওপর যদি এভাবে নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন করা হয়, তাহলে আমাদের মাথা গোঁজার শেষ সম্বলটুকুও থাকবে না। আমরা এ ব্যাপারে মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করছি।”

বিএনপির শোডাউনে ছাত্রলীগের

(৪২) এবং ছাত্রদলের সহ সভাপতি রাসেলসহ (৩০) অন্তত ১০ জন। হামলাপর ঘটনায় গুরুতর আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে এবং বাকিরা স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। বিএনপি নেতাকর্মী সূত্রে জানা যায়, বিএনপি নেতাকর্মীদের একটি মোটরসাইকেল শোডাউন চলাকালে পথিমধ্যে দাশপাড়া বাসস্ট্যান্ড এলাকায় ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মীরা তাদের ওপরে হামলা চালায়। দাশপাড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মজিবর মুখা বলেন, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের অপতৎপরতার বিরুদ্ধে সন্ধ্যার দিকে পৌর শহরের বাংলাবাজার এলাকা থেকে আমরা দাশপাড়া ইউনিয়ন বিএনপির উদ্যোগে ৪০-৮০টি মোটরসাইকেল নিয়ে মিছিল বের করি। আমাদের মিছিলটি নাজিরপুর ইউনিয়নের ডালিমা ও কালাহিয়া বন্দর বৈইলী ব্রিজ হয়ে দাশপাড়া বাসস্ট্যান্ডের কাছে পৌঁছানোর পর ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মীরা আমাদের ওপর অতর্কিত হামলা চালায়। এতে আমাদের অন্তত ১০ জন আহত হয়েছেন। উপজেলা যুবদলের সাবেক সদস্য সচিব সাইফুল ইসলাম খোকন অভিযোগ করে বলেন, স্থানীয় হেলাল রাউী, রিয়াজ সালাম, রাব্বি, রাসেল ও হেলালের নেতৃত্বে ২০-২৫ জন দেশীয় অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে মোটরসাইকেলের বহরে বিএনপি নেতাকর্মীদের ওপর হামলা চালায়। হামলাকারীরা কালাহিয়া ও দাশপাড়া ইউনিয়নের নিষিদ্ধ ছাত্রলীগ ও যুবলীগের নেতাকর্মী এবং সমর্থক। তাদের অতর্কিত হামলায় বিএনপি ও সহযোগী সংগঠনের ১০ নেতাকর্মী আহত হয়েছে। তারা আমাদের ২০-২৫টি মোটরসাইকেলয ভাঙচুর করেছে। তবে এ ঘটনায় অভিযুক্তদের কোনো বক্তব্য পাওয়া যায়নি। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সিরাজুল ইসলাম হামলাপর ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, হামলার ঘটনাটি জানার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

আগৈলঝাড়া়য় হাতের স্পর্শে

এলজিইডি বিভাগের উপ-সহকারী প্রকৌশলী আবুল কালাম আজাদের উপস্থিতিতে কাপেটিংয়ের কাজ করা হয়েছে। কাজ শেষ হত না হতেই মাঝের হাতের স্পর্শে উঠে যাচ্ছে রাস্তার কাপেটিং। স্থানীয় ও এলজিইডি বিভাগ সূত্রে জানা গেছে, আগৈলঝাড়া উপজেলাধীন মাখিলাড়া-আম্বুলা-হুয়গ্রাম-পয়সারহাট’র বাগধা ইউনিয়নের তালবাড়ি ৫৪০ মিটার রাস্তাটি সংস্কারের জন্য ২০২৫ সালের অক্টোবর মাসে ২৪ লাখ ৫৯ হাজার ৮শ টাকা ব্যয়ে টেন্ডার আহ্বান করা হয়। টেন্ডারে বাবুগঞ্জ উপজেলার মিরগঞ্জ এলাকার মো. আসাদুজ্জামান’র মেসার্স সরদার ট্রেডিং নামে একটি ঠিকাদার প্রতিষ্ঠান কাজ পায়। মূল ঠিকাদার প্রতিষ্ঠানের কাছ থেকে আগৈলঝাড়া উপজেলার দলিল লেখক মো. জাকির মোল্লা কাজটি ক্রয় করেন। তারা কাজের নিয়মনিতির তোয়াক্কা না করে, বৃষ্টির পরে উপজেলা এলজিইডি বিভাগের উপ-সহকারী প্রকৌশলী আবুল কালাম আজাদের উপস্থিতিতে সম্প্রতি কাপেটিং কাজ শেষ করেন। কাজ শেষের তিন দিন পরেই মানুষের হাতের স্পর্শে রাস্তার কাপেটিং উঠে যাচ্ছে। কাপেটিং কাজের সময় রাস্তাটি পরিষ্কার করা হয়নি। এমনকি ময়লার মধ্যেই কাজ করে টিকাদারের প্রতিষ্ঠান। পাথরের সাথে বিটুমিন কম দেওয়ারও অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে। স্থানীয় আলমগীর মোল্লা ও শফিকুল ইসলাম বলেন, ‘কাপেটিং কাজের সময় কাজের মান নিয়ে প্রশ্নে করলে তাদেরকে হুমকি-ধামকি দেন ঠিকাদারের লোকজন। ঠিকাদার প্রতিষ্ঠান তাদের ইচ্ছেমতো কাজ করেছে। যার কারণে কাপেটিং উঠে যাচ্ছে। ঠিকাদার প্রতিষ্ঠানের কাজ বাস্তবায়নকারী আগৈলঝাড়ুর দলিল লেখক জাকির মোল্লা সাংবাদিকদের বলেন, ‘বৃষ্টির সময় এক গাড়ি ঢালাইর মাল আসলেও তখন আমি না ঢালার জন্য বাধা দিয়েছিলাম। প্রকৌশলী অফিসের এসও বলেন, কোনো সমস্যা হবে না। কাজ শেষ করতে হবে। যার কারণে এখন এই সমস্যা হয়েছে।’ ওই সড়ক দিয়ে চলাচলকারী ভ্যান চালক রবিউল ইসলাম বলেন, ‘এ দেশের সরকারি কর্মকর্তা-কর্মচারীরা ভালো হলে দেশ আরো উন্নত হতো, এই রাস্তার কাজও ভালো হতো। আমাদের ভাঙ্গাচূড়া সড়ক দিয়ে চলাচল করতে হতো না।’ ওই কাজের দায়িত্বে থাকা উপজেলা এলজিইডি বিভাগের উপ-সহকারী প্রকৌশলী আবুল কালাম আজাদ বলেন, ‘আমি কাজ শুরু করে দিয়ে ওই স্থান থেকে চলে এসেছি। তার পরে কী হয়েছে তা জানি না। যে স্থানের কাপেটিং উঠে গেছে সেই স্থানে পুনরায় কাজ করে দেওয়া হবে।’ এ ব্যাপারে উপজেলা এলজিইডি বিভাগের প্রকৌশলী রবীন্দ্র চক্রবর্তী বলেন, এ কাজের অনিয়মের ব্যাপার বরিশাল এলজিইডি বিভাগের কর্মকর্তারা দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেনেন। এখন পর্যন্ত এই কাজের বিল দেওয়া হয়নি। পুনরায় কাজ করণ না দিলে ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

দারিদ্র্য, বেকারত্ব ও সংস্কৃতির

থাকেন। কর্মসংস্থানের অভাবে প্রতিবছর অসংখ্য ভরূণ চাকা, চট্টগ্রাম, বরিশাল, খুলনাসহ দেশের বিভিন্ন অঞ্চলে এবং বিদেশে পড়ি জমাচ্ছেন। অনেকেই ঋণ নিয়ে বিদেশে গিয়ে প্রতারণার শিকার হচ্ছেন, যা পরিবার ও সমাজে নেতিবাচক প্রভাব ফেলেছে। অর্থনৈতিক বৈষম্যও ক্রমেই বাড়ছে। চরাক্ষল ও উপকূলীয় এলাকার বহু পরিবার এখনো শিক্ষা, স্বাস্থ্যসেবা ও নিরাপদ বাসগৃহের মতো মৌলিক সুবিধা থেকে বঞ্চিত। এদের পর এক প্রাকৃতিক দুর্যোগ তাদের জীবন-জীবিকাকে আরও অনিশ্চিত করে তুলছে। অন্যদিকে বরগুণার এতিহাবাহী লোকসংস্কৃতিও হারিয়ে যাওয়ার পথে। একসময় গ্রামাঞ্চলে

পালাপান, জারিগান, সারিগান, কবিগান ও লাঠিখেলার ব্যাপক প্রচলন থাকলেও এখন সেগুলো নেই বললেই চলে। পর্যাপ্ত পৃষ্ঠপোষকতার অভাব এবং আধুনিক প্রযুক্তির প্রভাবে নতুন প্রজন্ম এসব ঐতিহ্য থেকে দূরে সরে যাচ্ছে। সাহিত্যচর্চার ক্ষেত্রেও রয়েছে নানা নীমাবদ্ধতা। প্রতিভাবান লেখক ও কবিরা ব্যক্তিগত উদ্যোগে কাজ করলেও নিয়মিত সাহিত্যসভা, প্রকাশনা, গবেষণা ও প্রশিক্ষণের সুযোগ অপ্রতুল। একইভাবে সাংস্কৃতিক অবকাঠামোর অভাবে সংগীত, নাটক, নৃত্য ও আবৃত্তিচর্চাও কান্ডিফতভাবে বিকশিত হচ্ছে না। জেলা পর্যটন শিল্প উন্নয়ন কমিটির সভাপতি অ্যাডভোকেট সোহেল হাফিজ বলেন, ‘বরগুণার সবচেয়ে বড় শক্তি এর প্রাকৃতিক সৌন্দর্য ও পর্যটনের সম্ভাবনা। পরিকল্পিত বিনিয়োগ, উন্নত যোগাযোগ ব্যবস্থা এবং পর্যটনবান্ধব অবকাঠামো গড়ে তোলা গেলে হাজার হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং জেলার অর্থনীতি নতুন গতি পাবে।’ বরগুনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আবু জাফর মো. সালেহ বলেন, ‘শিল্পায়নের অভাব, কর্মসংস্থানের সংকট, দুর্বল যোগাযোগ ব্যবস্থা, নদীভাঙন ও জলবায়ু পরিবর্তনের প্রভাব বরগুনার উন্নয়নকে বাধাগ্রস্ত করছে। একই সঙ্গে শিক্ষা, সংস্কৃতি ও মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রেও পর্যাপ্ত গুরুত্ব দেওয়া হয়নি।’ বরগুনা জেলা নাগরিক অধিকার সন্বয়কশ কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক মনির হোসেন কামাল বলেন, ‘অবকাঠামো উন্নয়নের পাশাপাশি মানুষের জীবনমান, শিক্ষা, কর্মসংস্থান ও সংস্কৃতির বিকাশ নিশ্চিত করতে হবে। উপকূলীয় মানুষের জন্য টেকসই কর্মসংস্থান, নিরাপদ জীবনযাপন এবং সাংস্কৃতিক বিকাশে কার্যকর উদ্যোগ গ্রহণের বিকল্প নেই।’ সংশ্লিষ্টদের মতে, বরগুনার টেকসই উন্নয়নের জন্য শিল্পায়ন, ক্ষুদ্র উদ্যোগীতা সৃষ্টি, দক্ষতা উন্নয়ন, পর্যটন বাতের বিকাশ এবং জলবায়ু সহনশীল পরিকল্পনা গ্রহণ জরুরি। একই সঙ্গে লোকসংস্কৃতি সন্বয়কশ, সাহিত্যচর্চায় পৃষ্ঠপোষকতা বৃদ্ধি এবং সাংস্কৃতিক অবকাঠামো গড়ে তোলা গেলে বরগুনা অর্থনৈতিক ও সাংস্কৃতিক-উদয় ক্ষেত্রেই নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করতে সক্ষম হবে।

হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ চ্যালেঞ্জ করলে

নিয়ন্ত্রণের বাইরে কোনো নতুন বা পুথক ব্যবস্থা বাপিয়ে দেওয়ার দাবি হলে পরিস্থিতি আরও জটিল হবে ও আঞ্চলিক উত্তেজনাও আরও বেড়ে যাবে। ইরাকের রাজধানী বাগদাদ সফরকালে এক সংবাদ সম্মেলনে আকাস আরাঘচি বলেন, ইসলামি প্রজাতন্ত্র ইরানের চলমান ব্যবস্থার বাইরে নতুন বা পুথক কোনো ব্যবস্থা গ্রহণের চেষ্টা শুধু পরিস্থিতি আরও জটিল করবে, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার প্রক্রিয়ায় বিলম্ব ঘটিবে ও উত্তেজনা বাড়াবে। গত দুই রাতের ঘটনায়ই আমরা এর প্রমাণ দেখেছি। সাম্প্রতিক দিনগুলোতে উত্তর পক্ষের পাঁচািপাচি হামলার প্রসঙ্গ উল্লেখ করে ইরানের শীর্ষ এই কূটনৈতিক সংক্টিত সহ পক্ষকে সমঝোতা স্মারক মেনে চলায় আহ্বান জানান। তিনি বলেন, সব পক্ষের উচিত সমঝোতা স্মারক মেনে চলা ও কোনোভাবেই নির্ধারিত পথ থেকে বিচ্যুত হওয়া উচিত হবে না। চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের বিরুদ্ধে বিমান হামলা শুরু করে। তৎহাব্যের দাবি, দেশটির সরকারকে অস্তিত্বশীল করা এবং ব্যালিস্টিক ক্ষেপণাস্র ও পারমাণবিক কর্মসূচি ধ্বংস করার লক্ষ্যেই এই হামলা চালানো হয়েছিল। এর পরপরই ইরান হরমুজ প্রণালিতে নৌ অবরোধ আরোপ করে। এই অবরোধের ফলে বিশ্ববাজারে জ্বালানির দাম উল্লেখযোগ্যভাবে বেড়ে যায়। চলতি মাসের শুরুতে যুক্তরাষ্ট্র ও ইরান একটি সমঝোতা স্মারকে সই করার পর হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল ক্রিষ্টাও বেচেয়ে। তবে যুদ্ধ থকর আগেরে তুলনায় এখনো সেই চলাচল অনেক কম। এদিকে, ইরান আগেই সতর্ক করে জানিয়েছে, তাদের অনুমতি ছাড়া কোনো জাহাজ যেন হরমুজ প্রণালি দিয়ে পারস্য উপসাগরে প্রবেশ বা সেখান থেকে বের না হয়। তবে সেই সতর্কতা সত্ত্বেও জাহাজ চলাচল অব্যাহত রয়েছে। এর মধ্যে কিছু জাহাজ এমন একটি রুট ব্যবহার করছে, যা তৎহাব্যের অনুমোদিত নয়।

ইউরোপজুড়ে রেকর্ড ভাঙা তাপপ্রবাহ

সংস্থাটি সতর্ক করে দিয়ে বলেছে, তাপপ্রবাহের কারণে বিভিন্ন ধরনের শারীরিক অসুস্থতায় আরও অনেকে মারা গেছেন; যারা পরিসংখ্যানের বাইরে রয়েছেন। যে কারণে প্রকৃত মৃতের সংখ্যা আরও বেশি হতে পারে। অতিরিক্ত মৃত্যুর প্রাথমিক হিসাবের বিস্তারিত তুলে ধরে সূচ্যে পাবলিক ন্যামের ওই সংস্থাও বলেছে, মৃতদের বেশিরভাগই বয়স্ক মানুষ। এছাড়া স্মোরর হোম ও বানাবাড়িকে মৃত্যুর তথ্য হাতে এলে এই মৃত্যুহার আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। বর্তমানে পুরো ইউরোপজুড়েই হুজাবহ তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। তাপপ্রবাহের ফলে পড়ে চরম পরিস্থিতি পার করছেন এই অঞ্চলের কোটি কোটি মানুষ। তাপপ্রবাহের কারণে বেতোযোগ্য কয়েক ডজন মানুষের মৃত্যু হয়েছে। এতে অতীতের সব রেকর্ড ভাঙে গেছে, ব্যাহত হচ্ছে বিদ্যুৎ উৎপাদন এবং অবকাঠামোও ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিজ্ঞানীরা বলছেন, গত ২০ জন থেকে শুরু হওয়া এই তাপপ্রবাহ ইউরোপের তিতিহাসে রেকর্ড করা সবচেয়ে ভয়াবহ। বৈশ্বিক গড়ের চেয়ে ইউরোপের জলবায়ু দ্রুত গতিতে পরিবর্তন হচ্ছে। তাপপ্রবাহ বর্তমানে ফ্রান্সের পূর্ব দিকে অগ্রসর হচ্ছে। তবে ফ্রান্সের আবহাওয়া সংস্থা বলেছে, দেশের বেশিরভাগ অঞ্চলে চরম গরম কমলেও উত্তর-পূর্বাঞ্চলের কিছু এলাকা এখনও তাপপ্রবাহের সতর্কবার্তার আওতায় রয়েছে। দেশটির স্বাস্থ্যমন্ত্রী স্কেফান রিস্ট বলেছেন, আবহাওয়া স্বাভাবিক হুজোর পরও এই তাপপ্রবাহের প্রভাব প্রায় ১০ দিন পর্যন্ত স্থায়ী হতে পারে। দেশটির টেলিভিশন চ্যানেল ইফুফমকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেছেন, এই দুর্যোগ এখনও শেষ হয়ে যায়নি। সাতো পাবলিক বলেছে, মৃত ব্যক্তিদের কবরে গ্রাহকদের মধ্যে চরম ক্ষোভ বা তার বেশি। তবে তীব্র এই গরমের স্বাস্থ্যঝুঁকি সব বয়সী মানুষের ওপরই প্রভাব ফেলেছে।

ঝালকাঠিতে ঘণ্টার পর ঘণ্টা লোডশেডিং

সম্পাদক প্রশান্ত দাস হরি, উজ্জ্বল রহমানসহ আরও অনেকে। বক্তারা বলেন, গত কয়েক সপ্তাহ ধরে ঝালকাঠি জেলাজুড়ে দিন-রাত ঘন ঘন লোডশেডিং চলছে। ঘণ্টার পর ঘণ্টা বিদ্যুৎ না থাকায় সাধারণ মানুষের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হচ্ছে। প্রচণ্ড গরমে শিশু, বৃদ্ধ ও অসুস্থ ব্যক্তিরা সবচেয়ে বেশি দুর্ভোগে পড়ছেন। শিক্ষার্থীদের পড়াশোনা ব্যাহত হচ্ছে, ব্যবসা-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠানও কার্যক্রম পরিচালনায় সমস্যায় পড়ছে। তারা আরও বলেন, বিদ্যুৎ সরবরাহের সংকটের পাশাপাশি স্থানীয় বিদ্যুৎ অফিসে গ্রাহক হয়রানি, নানা প্রশাসনিক অনিয়ম এবং ভুত্বভবে বিসের অভিযোগ দীর্ঘদিনের। এসব সমস্যার কারণে গ্রাহকদের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টি হয়েছে। মানববন্ধন থেকে অবিরামে ঘন ঘন লোডশেডিং বন্ধ করে ঝালকাঠিতে স্বাভাবিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত, বিদ্যুৎ অফিসের সব ধরনের অনিয়ম ও দুনীতি বন্ধ এবং গ্রাহকদের হয়রানি ও অতিরিক্ত বিল প্রদান বন্ধ করে সচ্ছ ও জবাবদিহিমূলক সেবা নিশ্চিত করার মানি জানানো হয়। এ সময় সংগঠনের নেতাকর্মী ছাড়াও স্থানীয় ব্যবসায়ী, শিক্ষার্থী ও বিভিন্ন শ্রেণি-পেশার ভুক্তভোগী সাধারণ মানুষ ব্যানার ও ফেস্টুন নিয়ে মানববন্ধনে অংশ নেন। বক্তারা সতর্ক করে বলেন, দ্রুত সমস্যার সমাধানে কার্যকর উদ্যোগ নেওয়া না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

জেলা প্রশাসক ফুটবল টুর্নামেন্ট

রাজ্যার রিপোর্টার্স ইউনিটির সভাপতি মঈনুল হক লিপু ও সাধারণ সম্পাদক অহিন সাইফুসহ সংগঠনের সদস্যবৃন্দ। রাজ্যপুর দলের সার্বিক সহযোগিতায় রয়েছে রাজ্যার ক্রীড়া সংস্থা। দলের কোচ হিসেবে পালন করছেন জাহাঙ্গীর হোসেন

এছাড়া দলের সার্বিক পরিচালনায় রয়েছেন আমিন ও সুমন। জার্সি স্পন্সরের বিষয়ে রাজ্যপুর রিপোর্টার্স ইউনিটির সভাপতি মঈনুল হক লিপু জানান, একটা দল সুসংগঠিত করে খেলার জন্য প্রস্তুত করার জন্য সময়, পরিশ্রম, ও সার্বিক কর্মকান্ড পরিচালনা করার জন্য অর্থসহ জার্সিসহ অন্যান্য সামগ্রীর দরকার। তাই আমরা খেলোয়াড়দের জন্য জার্সি স্পন্সর করে উপজেলা প্রশাসন ও ক্রীড়া সংস্থার পাশে থাকার চেষ্টা করেছি। ভবিষ্যতেও আমরা এ ধরনের আয়োজনে উপজেলা প্রশাসনের পাশে থাকব। রাজ্যপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা রিফাতায়া মৌরি বলেন, রিপোর্টার্স ইউনিটিয়ে কাজটি করেছে আসলে আসলেই তারা প্রশাসনে দারিদার। এভাবে সমাজের অন্যান্য বিত্তবানরা এগিয়ে আসলে আমরা খেলার প্রতি মানুষদের উদ্বুদ্ধ করতে পারব ফলে সমাজে মাদকের প্রবণতা কমে আসবে। তাই খেলাধুলার বিকল্প

নৌ উপজেলা প্রশাসনের সাথে থাকার জন্য রিপোর্টার্স ইউনিটিকে সাধুবাদ জানাই। এ সময় উপস্থিত ছিলেন রাজ্যপুর ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক পানু ফরাজী,রাজ্যপুর উপজেলা যুবদলের আহ্বায়ক মাসুম বিল্লাহ পারভেজ,যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান পনির, স্যোমৈ আকন,রিপোর্টার্স ইউনিটির সহ সাধারণ সম্পাদক সেলিম রেজা,কোষাধ্যক্ষ জামাল হোসেন,নির্বাহী সদস্য জিয়াউল হক লিনু সাংবাদিক উজ্জ্বল রহমান,সাংবাদিক আব্দুর রহিম রেজা,সাংবাদিক নেয়ামুল আহসান হিরন, দেশ টিভি প্রতিনিধি নাস্তিম হাসান ইমন ও সাংবাদিক জাকির হোসেন উপস্থিত ছিলেন।

বাকেরগঞ্জের হালিম হত্যা

বাকেরগঞ্জ থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। ঘটনার পর স্থানীয় লোকজন দুই আসামিকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করলেও পলাতক অন্য আসামিদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে। বাকেরগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) আদিল হোসেন বলেন, তথ্যপ্রযুক্তির সহায়তায় হালিম হত্যা মামলার ৮ নম্বর আসামি শাকিল মোল্লাকে পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলা থেকে গ্রেফতার করা হয়েছে। প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ শেষে তাকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।

লবণাক্ততায় ফলন নিয়ে শঙ্কা

পানি জমে রয়েছে। কোথাও সদ্য রোপণ করা আমনের চারা পানির নিচে তলিয়ে আছে, আবার কোথাও অতিরিক্ত অর্দ্রতায় চারা লেগেই হয়ে পড়ছে। কৃষকদের আশঙ্কা, দ্রুত পানি নেমে না গেলে উৎপাদনে নেতিবাচক প্রভাব পড়বে। মনপুরা ইউনিয়নের কৃষক মো, ফারুক হোসেনে বাবু বলেন, মনপুরা একটি উপকূলীয় ণীয় উপজেলা। জোয়ার-ভাটা, নদীর পানি ও আবহাওয়ার পরিবর্তনের প্রভাব সরাসরি কৃষিতে পড়ে। বর্ষাকালে অতিবৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়, আবার শুষ্ক মৌসুমে অনেক এলাকায় লবণাক্ততা বেড়ে যায়। ফলে কৃষি উৎপাদন দিন দিন কঠিন হয়ে উঠছে। দক্ষিণ সাকুটিয়া ইউনিয়নের কৃষক আবুল কাশেম বলেন, বৃষ্টি হলেই জমিতে পানি জমে থাকে। পানি নামতে অনেক সময় লাগে। আবার শুষ্ক মৌসুমে জমির মাটিতে লবণাক্ততার প্রভাব দেখা দেয়। দুই দিক থেকেই আমরা ক্ষতির মুখে পড়ছি। উত্তর সাকুটিয়া ইউনিয়নের কৃষক মো. আব্দুর রহিম বলেন, উৎপাদন খরচ প্রতিরিয়ত বাড়ছে। এরমধ্যে জলাবদ্ধতা ও লবণাক্ততায় ফলন কমে গেলে কৃষি করে টিকে থাকা কঠিন হয়ে পড়বে। এ বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা আকশিন হাওদা বলেন, কৃষকদের নিয়মিত পরামর্শ দেওয়া হচ্ছে। নিচু এলাকার জন্য ব্রি ধান-৫২ চাষে উৎসাহিত করা হচ্ছে। জলাবদ্ধতা নিরসনে স্থানীয় ছোট ছোট খাল পুনরায় খননের উদ্যোগ নেওয়া হয়েছে। এছাড়া সুইসপেটের কাজ চলমান থাকায় কিছু এলাকায় লবণাক্ত পানি প্রবেশ করছে। কাজ শেষ হলে লোকালয়ে লবণাক্ত পানি প্রবেশ অনেকাংশে নিয়ন্ত্রণ করা সম্ভব হবে। মাঠপর্যায়ে কৃষি কর্মকর্তারাও কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ দিয়ে যাচ্ছেন। কৃষি বিশেষজ্ঞদের মতে, মনপুরার মতো উপকূলীয় ণীয়ঞ্চলকে টেকসই কৃষি নিশ্চিত করতে হলে শুধু মৌসুমি সহায়তা যথেষ্ট নয়। দীর্ঘমেয়াদি পানি ব্যবস্থাপনা, লবণাক্ততা নিয়ন্ত্রণ, জলবায়ু সহনশীল ধানের জাত ও কৃষি প্রযুক্তির সম্প্রসারণ এবং কৃষকদের প্রশিক্ষণের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে। তা না হলে ভবিষ্যতে এ অঞ্চলের কৃষি উৎপাদন আরও বড় ঝুঁকির মুখে পড়তে পারে।

বোরহানউদ্দিনে পুলিশের অভিযানে

ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে কাচিয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের মোহাম্মাদিয়া নুরানী হাফিজিয়া মাদ্রাসার সামনের পাকা সড়কে অভিযান চালায়। অভিযানকালে ১০ পিস ইয়াবাসহ দুই ব্যক্তিকে আটক করা হয়। আটকরা হলেনডু চটটিয়া এলাকার ৯ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. আলমগীর মাঝি (৫০) এবং টবগী এলাকার ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. নিজাম পণ্ডিত (৩০)। তারা উভয়েই বোরহানউদ্দিন উপজেলার বাসিন্দা। পুলিশ জানিয়েছে, উদ্ধার করা ইয়াবা জপ করা হয়েছে। এ ঘটনায় আটক দুজনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পাশাপাশি মাদক নির্মূলে পুলিশের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে।

সংবাদ প্রকাশ করায় সাংবাদিকের

মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও আজকের পত্রিকার কলাপাড়া প্রতিনিধি মো.মোয়াজ্জেম হোসেনে কলাপাড়া পৌর শহরের সদর রোড এলাকায় একটি মোবাইলের দোকানে বসা ছিলেন। এ সময় উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম ওরফে ফাহিম, মোজাহার উদ্দিন বিশ্বাস কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক রেব্বুল হোসেনের নেতৃত্বে ১০-১২ জন ছাত্রদল নেতাকর্মী তাকে ডেকে দোকান থেকে বের করে হামলা চালায় বলে অভিযোগ মোয়াজ্জেম হোসেনের। এরপর রাস্তায় ফেলে ওই সন্ধ্যা নেতা-কর্মীরা তাকে বেধড়ক মারধর করে। এক পর্যায়ে তিনি দৌড়ে দোকানের ভেতর আশ্রয় নিলে তাকে দ্বিতীয় দফা দোকান থেকে টেনে বের করে কের মারধর করা হয়। এতে তার মাথাসহ শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে। সাংবাদিক মোয়াজ্জেম হোসেন এখন গুরুতর আহত অবস্থায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। এদিকে মোয়াজ্জেম হোসেনের ওপর হামলার ঘটনায় কলাপাড়া প্রেস ক্লাব, মহিপুর প্রেসক্লাব, কুয়াকাটা প্রেসক্লাব, কলাপাড়া রিপোর্টার্স ইউনিটি, কলাপাড়া টেলিভিশন জার্নালিস্ট ফোরাম, কলাপাড়া সাংবাদিক ইউনিয়ন দলের সার্বিক সহযোগিতায় রয়েছে রাজ্যার ক্রীড়া দ্রুত গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে শাস্তি প্রদান করার



যোগ্য লোককে ইউনিয়নের দায়িত্ব দিতে হবে: চেয়ারম্যান প্রার্থী অধ্যাপক মনিরুজ্জামান

মুলাদী এউনিধি

সমাজ থেকে সকল অপকর্ম দূর করতে হলে যোগ্য লোককে ইউনিয়নের দায়িত্ব দিতে হবে উল্লেখ করে মুলাদীর কুতুবপুর বাজারে গনসংযোগ করেন মুলাদী উপজেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক হাসনাবাদ ডিগ্রী কলেজের অধ্যাপক, মুলাদী সদর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী অধ্যাপক মনিরুজ্জামান মনির। শনিবার বিকেল ৪টায় মুলাদী সদর ইউনিয়নের রাস্তার মাথা লক্ষ্যেটি ও কুতুবপুর বাজারে লিফটো বিতরণ করে গণসংযোগ করেন তিনি। এ সময় তিনি ভোটারদের উদ্দেশ্যে বলেন সমাজ থেকে মানদ, কুড়, ইভিগিডিং বন্ধ করতে হলে এবং ইউনিয়নের সাধারণ মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করতে হলে যোগ্য ব্যক্তির হাতে ইউনিয়নের দায়িত্ব দিতে হবে। গনসংযোগ এর সময় তার সাথে ছিলেন ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

জন্ম আহ্বান জানিয়েছে।

বানারীপাড়ায় বান্ধহেডের

পিলারের সঙ্গে ধাক্কা লেগে ব্রিজের মাঝের অংশ ভেঙ্গে পড়ে। এতে বান্ধহেডটি ব্রিজের নিচে আটকে পড়ে। ইলুহাব ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা মাহাতাব উদ্দিন বিষয়টি তাৎক্ষনিক বানারীপাড়া উপজেলা নির্বাহী অফিসার মোঃ বারোজিদুর রহমানকে মুঠোফোনে অবহিত করলে তিনি বান্ধহেডটি পরিষদের জিম্মায় আটকে রাখতে বলেন। ফলে বান্ধহেডটি ব্রিজের নিচ থেকে উদ্ধার করে পরিষদের জিম্মায় আটকে রাখা হয়। পিরোজপুরের স্বরূপকাতীর নান্দুহার গ্রামের রাজিব এ বান্ধহেডটির মালিক বলে জানা গেছে। রোববার বিকালে এলজিইডির উপজেলা প্রকৌশলী মোঃ মিজানুর রহমান ভদ্রে পুঙ্গা ব্রিজটি পরিদর্শন করেন। এদিকে জনগুরুত্বপূর্ণ এ ব্রিজটি ভেঙ্গে পড়ায় জনদুর্ভোগের সৃষ্টি হয়েছে। এ ব্রিজের ওপর থেকে বানারীপাড়ার ইলুহার ও উদয়কটীসহ ৫ ইউনিয়নের লোকজন মোটরসাইকেল ও ইজিবাইকসহ বিভিন্ন যানবাহনে পার্শ্ববর্তী স্বরূপকটী উপজেলায় বাজার, হাসপাতাল,ক্লিনিক ও স্কুল কলেজ-মাদরাসায় যাতায়াত করে থাকেন। ব্রিজ ভেঙ্গে পড়ে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ায় এসব এলাকার কয়েক হাজার মানুষ দুর্ভোগে পড়ছেন। তারা অবিলম্বে ভেঙ্গে পড়া ব্রিজের স্থানে নতুন গার্ডার ব্রিজ নির্মাণের দাবি জানিয়েছেন। এ বিষয়ে এলজিইডির বানারীপাড়া উপজেলা প্রকৌশলী মোঃ মিজানুর রহমান বলেন, ২০২৪ সালে এ ব্রিজটিকে পরিত্যক্ত ঘোষণা করে এখানে নতুন ব্রিজ নির্মাণের জন্য ঢাকায় অফিসে একাধিকবার প্রস্তাবনা পাঠানো হয়েছিল। কিন্তু কোন ফল পাওয়া যায়নি। এখন যেহেতু বান্ধহেডের ধাক্কায় ব্রিজটি ভেঙ্গে পড়ছে স্থানীয় এমপি মহোদয়ের মাধ্যমে নতুন করে আবারও প্রস্তাবনা পাঠিয়ে দ্রুত নতুন ব্রিজ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হবে। এ প্রসঙ্গে বানারীপাড়া উপজেলা নির্বাহী অফিসার মোঃ বারোজিদুর রহমান বলেন, ব্রিজটি ঝুঁকিপূর্ণ ছিল। এলজিইডির মাধ্যমে যত দ্রুত সম্ভব নতুন ব্রিজ নির্মাণের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

মঠবাড়িয়া ফিস মার্কেটে দোকান

ব্যবসায়ীরা বলেন, দীর্ঘদিন ধরে ডিসিআর ও চান্দিনা হেডিংয়ের ভিত্তিতে ব্যবসা পরিচালনা করলেও এখন তাদের সেই অধিকার অস্বীকার করা হচ্ছে। আট বছর ব্যবসা বন্ধ থাকায় পাঠিয়ে দিলে পরিবার মানবেতর জীবনযাপন করছে। সংবাদ সম্মেলনে জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করে পুরাতন ব্যবসায়ীরা তাদের পূর্বের প্রাপ্য দোকান ফেরত দেওয়া এবং দোকান বরাদ্দে স্বচ্ছতা ও ন্যায্যবিচার নিশ্চিত করার দাবি জানান। এর আগে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধন করে।

কৃষকের হাত ও চোখ ঝেঁখে বাড়ি

ছেলে। হারুন হাওলাদারের স্ত্রী সেলিনা বেগম দলি করেন, অজ্ঞাতনামা লোকেরা তাঁর স্বামীকে বাড়ি থেকে তুলে ট্রালারে করে নিয়ে যায়। ঘটনার ৩৬ ঘণ্টা পরিয়ে গেলেও পুলিশ তাঁর সন্ধান পায়নি। সেলিনা বেগম জানান, শুক্রবার দিবাগত রাত ১টার দিকে দুর্বৃত্তা দরজা খুলতে বলে। হারুন হাওলাদার দরজা খুলবেন না জানালে দুর্বৃত্তরা দরজা ভেঙে ফেলার হুমকি দেয়। পরে দরজা খুলে দিলে চারজন লোক দল বকেয়া মূল্য ঢুকে কোনো কথা না বলে স্বামী-স্ত্রীকে মারধর করে। সেলিনা ঘোমতের ভাষ্য অনুযায়ী, পরে দুর্বৃত্তা হারুন হাওলাদারের হাত ও চোখ বেঁধে তাঁকে বাইরে নিয়ে যায়। তিনি তাদের পিছু নিয়ে দেনেদন, হারুন হাওলাদারকে ট্রালারে তুলে জয়গ্ী নদীর দিকে নিয়ে যাওয়া হচ্ছে। দুর্বৃত্তাট্রালারে তুলে নেওয়ার পর তিনি ৯৯৯ নম্বরে ফোন করেন, তবে পুলিশ ঘটনাস্থলে যায়নি। তবে মুলাদী থানা-পুলিশ জানায়, শুক্রবার দিবাগত রাত ১টা বিক্রেতা তার পরে সেলিনা বেগম ৯৯৯ নম্বরে কোনো ফোন করেননি। সকালে স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য হেলাল ব্যাপারী বিষয়টি পুলিশকে অবহিত করেন। ওই দিন সকালেই মুলাদী সার্কেলের সহকারী পুলিশ সুপার (এএসপি) তারেক আদাম বাব্বাসহ থানা-পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করে। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, কৃষককে ঘর থেকে তুলে নেওয়ার অভিযোগে অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে মুলাদী থানায় মামলা হয়েছে। পুলিশ ঘটনাস্থলে তদন্ত করছে এবং ওই কৃষককে উদ্ধারের চেষ্টা চলছে।

বকেয়া বিল আদায় করতে

কর্তৃপক্ষকে জানিয়ে গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করে দেন। এতে ক্ষিপ্ত হয়ে নাসির মাতৃব্বর ও তার ভাই জাকির মাতৃব্বর ওই টিমের দুই কর্মকর্তাকে মারধর করেন। তাদের কাছে থাকা বকেয়া বিল আদায়ের প্রায় ৩০ হাজার টাকা ছিলিয়ে নেন। বিষয়ে গেয়ে পুলিশ তাদেরকে আহত অবস্থায় উদ্ধার করে। এ বিষয়ে জিয়ানগর উপজেলা পল্টী বিদ্যুৎ সমিতির লাইন টেকনিশিয়ান ইনচার্জ খন্দকার দিদার হোসেন বলেন, আমরা জুন ফ্রেজিডে হিসেবে বকেয়া বিল আদায় করার জন্য বিভিন্ন এলাকায় মাইকিং করছি। বকেয়া বিল আদায় করতে গেলে আমাদের ওপর হামলা করাটা অত্যন্ত ন্যাকারজনক। অপরাধীদের শাস্তির আওতায় আনতে আমরা আইনের আশ্রয় নিয়েছি। পিরোজপুর পল্টী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার মো. আলতাফ হোসেন বলেন, পল্টী বিদ্যুৎ সমিতির একটি দল বকেয়া বিদ্যুৎ বিল আদায় করতে গেলে দুজন গ্রাহক আমাদের দুই কর্মকর্তাকে মারধর করেন। পরে আমরা ওই গ্রাহকের মিটার খুলে নিয়ে এসেছি এবং তাদের নামে থানায় অভিযোগ দিয়েছি। জিয়ানগর (ইন্দুরকানী) থানার ওসি মোহাম্মদ খান বলেন, পল্টী বিদ্যুতের দুই কর্মকর্তাকে মারধরের খবর পেয়ে আমরা তাদের উদ্ধার করি। ঘটনা গুরুত্ব দিয়ে আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে।

ইউরোপজুড়ে রেকর্ড ভাঙা তাপপ্রবাহ

ফ্রান্সে ১ হাজার মানুষের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

ইউরোপজুড়ে বয়ে যাওয়া তীব্র তাপপ্রবাহের মধ্যে ফ্রান্সে অতিরিক্ত অন্তত ১ হাজার মানুষের প্রাণহানির তথ্য রেকর্ড করা হয়েছে। রোববার দেশটির জনস্বাস্থ্য বিষয়ক সংস্থার এক পরিসংখ্যানে এই তথ্য জানানো হয়েছে। একই সঙ্গে ৩ এর পাতায় দেখুন



অর্ধশতাধিক ড্রেজারে চলছে বালু উত্তোলন ভূমিকিতে মেহেন্দিগঞ্জের চরাঞ্চল

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
মেহেন্দিগঞ্জ উপজেলার সীমান্তবর্তী ১৩ নম্বর গোবিন্দপুর ইউনিয়নের মেখনা নদীতে মেহেন্দিগঞ্জের সীমানায় ঢুকে প্রায় অর্ধশতাধিক ড্রেজার বসিয়ে পার্শ্ববর্তী ভোলা জেলার একদল বালু থেকে গত ৭ দিন ধরে কয়েক লাখ ঘনফুট বালু অবৈধভাবে উত্তোলন করছে।

প্রতিদিন প্রায় শতাধিক বলগেটে বালু ভর্তি করে দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হচ্ছে। প্রকাশ্য দিবালোকে তারা বালু উত্তোলন করলেও স্থানীয় প্রশাসন নীরব দশকের ভূমিকা পালন করছে। সরেজমিনে গিয়ে দেখা যায়, গোবিন্দপুর ইউনিয়নের নরগোড়ার চর (২ নম্বর ওয়ার্ড) এলাকার ফসলি জমি থেকে মাত্র

২০০ মিটার দূরত্বে ভোলার একটি বালু সিল্ডিকেট দিনের আলোতে প্রকাশ্যে মেহেন্দিগঞ্জের সীমানায় ঢুকে অবৈধভাবে বালু উত্তোলন করছে। এ ব্যাপারে একাধিক ড্রেজারের লোকজন জানান, তারা ৭ দিন আগে প্রতি ঘনফুট ৪৫ পয়সা হারে বালু কাটতে এসেছেন। তবে এই এলাকাটি ৩ এর পাতায় দেখুন



সংবাদ প্রকাশ করায় সাংবাদিকের উপর ছাত্রদল নেতাকর্মীর হামলা

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় আজকের পত্রিকার উপজেলা প্রতিনিধি সাংবাদিক মো. মায়াজ্জেম বোসেনের ওপর হামলার ঘটনায় ছাত্রদল নেতা মো. বেয়াল হোসেনকে বহিষ্কার করা হয়েছে। রোববার (২৮ জুন) বিকেলে পটুয়াখালী জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক হারুন অর রশিদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। বেয়াল হোসেনের বহিষ্কারদেশে পটুয়াখালী জেলা ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান শামীম ও সদস্য সচিব জাকারিয়া আহমেদ অনুমোদন করেছেন। বহিষ্কৃত মো. বেয়াল হোসেন সরকারি মোজাহার উদ্দিন বিশ্বাস কলেজ শাখা ছাত্রদলের সাধারণ সম্পাদক ছিলেন। এর আগে শনিবার (২৭ জুন) রাত সাড়ে আটটার সময় কলাপাড়া উপজেলার নূর মোহাম্মদ ৩ এর পাতায় দেখুন



লবণাক্ততায় ফলন নিয়ে শঙ্কা দীর্ঘমেয়াদি সমাধান চান কৃষকরা

মনপুরা প্রতিনিধি
বর্ষা মৌসুমে টানা বৃষ্টি, জ্যোয়ারের প্রভাব এবং দুর্বল পানি নিষ্কাশন ব্যবস্থার কারণে ভোলার মনপুরা উপজেলার বিভিন্ন এলাকায় কৃষকদের নতুন সংকেত হয়ে দাঁড়িয়েছে জলাবদ্ধতা ও মাটির লবণাক্ততা। দীর্ঘদিন জমিতে পানি আটকে থাকা এবং কিছু এলাকায় লবণাক্ততার প্রভাবে চাষি আমন মৌসুমে কাঙ্ক্ষিত ফলন নিয়ে উত্তেজিত বাড়ছে কৃষকদের মধ্যে। মনপুরা ইউনিয়ন, দক্ষিণ সাকুচিয়া, উত্তর সাকুচিয়া ও হাওরাহাট ইউনিয়নের বিভিন্ন কৃষিজমি ঘুরে দেখা যায়, নিচু এলাকার অনেক জমিতে কয়েক দিন ধরে বৃষ্টির ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক

রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

দি

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ সোমবার ৯ ২৯ জুন ২০২৬ ৯ ১৫ আষাঢ় ১৪৩৩

দারিদ্র্য, বেকারত্ব ও সংস্কৃতির সংকটে পিছিয়ে পড়ছে বরগুনা

বরগুনা প্রতিনিধি
বাংলাদেশের দক্ষিণ উপকূলের সন্তাবনাময় জেলা বরগুনা। সমুদ্র, নদ-নদী, মৎস্যসম্পদ, কৃষি ও পর্যটনের বিপুল সম্ভাবনা থাকলেও শিল্পায়নের অভাব, সীমিত কর্মসংস্থান, দুর্বল অবকাঠামো এবং জলবায়ু

পরিবর্তনের বিরূপ প্রভাবে জেলার উন্নয়ন কাঙ্ক্ষিত গতিতে এগোচ্ছে না। এর ফলে বাড়ছে দারিদ্র্য, বৈষম্য ও অভিবাসন; পাশাপাশি অবহেলিত হয়ে পড়ছে সাহিত্য, সংস্কৃতি ও লোকঐতিহ্য। জেলায় কোনো শিল্পপ্রতিষ্ঠান না থাকায়

অধিকাংশ মানুষ কৃষি, মাছ ধরা, ক্ষুদ্র ব্যবসা ও দিনমজুরির ওপর নির্ভরশীল। কিন্তু নদীভাঙন, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস ও লবণাক্ততার কারণে এসব খাতও অনিশ্চিত হয়ে পড়েছে। বছরের দীর্ঘ সময় অনেক মানুষ কর্মহীন ৩ এর পাতায় দেখুন

বিএনপির শোডাউনে ছাত্রলীগের হামলা, ১০ নেতাকর্মী আহত

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে বিএনপির একটি মোটরসাইকেল শোডাউনের মিছিলে ছাত্রলীগ ও যুবলীগের হামলায় রিএনপি ও তার অঙ্গ-সহযোগী সংগঠনের ১০ নেতাকর্মী আহত হয়েছে। শনিবার (২৭ জুন) রাত পৌনে ৯টার দিকে পটুয়াখালীর বাউফল উপজেলার দাশপাড়া ইউনিয়নের দাসপাড়া বাসস্ট্যান্ড এলাকায় এমন হামলার ঘটনা ঘটে। এ আহ্বায়ক কাওসার



ঘটনায় আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। হামলায় আহতরা হলেন- উপজেলার মধ্য দাশপাড়া ইউনিয়ন যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক মাসুদ (৩৫), বিএনপির সাংগঠনিক সম্পাদক মামুন (৪৫), যুবদলের সাবেক যুগ্ম আহ্বায়ক মাসুদ (৩৫), শ্রমিক দলের যুগ্ম ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়া ফিস মার্কেটে দোকান বরাদ্দে অনিয়মের অভিযোগ

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়া পৌর ফিস মার্কেটে দোকান বরাদ্দে অনিয়ম ও বৈষম্যের অভিযোগ তুলে সংবাদ সম্মেলন করেছেন পুরাতন ব্যবসায়ীরা। রোববার (২৮ জুন) দুপুরে পিরোজপুর প্রেসক্লাব এ সংবাদ সম্মেলন করা হয়। লিখিত বক্তব্যে ব্যবসায়ীরা জানান, ২০১৮ সালে আধুনিক ফিস মার্কেট নির্মাণের জন্য তৎকালীন পৌর মেয়র ও প্রশাসনের আশ্বাসে তাদের পুরোনো দোকান ভেঙে ফেলা হয়। সে সময় প্রতিনিধিত্ব দেওয়া হয়েছিল, এক বছরের মধ্যে পূর্বের স্থানে কোনো অতিরিক্ত অর্থ ছাড়াই তাদের দোকান ফিরিয়ে দেওয়া হবে। কিন্তু আট বছর পেরিয়ে গেলেও সেই প্রতিশ্রুতি বাস্তবায়ন হয়নি। প্রবাসসায়ীরা অভিযোগ করে বলেন, বর্তমানে নতুন করে প্রতি বর্গফুট দোকানের মূল্য ৬ থেকে ৬ হাজার ৫০০ টাকা এবং মাসিক প্রতি বর্গফুট ৩০ টাকা ভাড়া নির্ধারণ করা হয়েছে। অঞ্চল পাশের জেলা বরগুনায় একই ধরনের মার্কেটে প্রতি বর্গফুটের মূল্য ২ হাজার ৫০০ থেকে ৩ হাজার টাকার মধ্যে রাখা হয়েছে। এতে মঠবাড়িয়ার ব্যবসায়ীদের সঙ্গে বৈষম্য করা হয়েছে বলে দাবি তাদের। ৩ এর পাতায় দেখুন



বানারীপাড়ায় বাস্কহেডের ধাক্কায় ব্রিজ ভেঙে খালে

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়ায় বালুবাঁহী বাস্কহেডের ধাক্কায় উপজেলার ইলুহার ইউনিয়নের জনতাহাট সংলগ্ন ব্রিজ ভেঙ্গে খালে পড়ে গেছে। ফলে চরম ভর্তুগে পড়েছেন এলাকাবাসী। জানা গেছে, শনিবার দুপুরে এমডি রাইহান নামের বালুবাঁহী একটি বাস্কহেড উপজেলার ইলুহার ইউনিয়নের জনতাহাট ও ইউনিয়ন পরিষদ সংলগ্ন আয়রণ ব্রিজের নিচ অতিক্রম করার সময় লোহার ৩ এর পাতায় দেখুন



মামলার পলাতক আসামি শাকিল মোল্লাকে (২৭) গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (২৭ জুন) গোপন সংবাদের ভিত্তিতে বাকেরগঞ্জ থানার এসআই রাজুর নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান চালিয়ে পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলা থেকে তাকে গ্রেফতার করে। গ্রেফতার শাকিল মোল্লা বাকেরগঞ্জ উপজেলার গারুড়িয়া ইউনিয়নের হোসেনা গ্রামের বাসিন্দা এবং হালিম হত্যা মামলার ৮ নম্বর আসামি। পুলিশ জানায়, গত ১৫ মে দুপুর সাড়ে ৩টার দিকে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে বালু ভরাটকে কেন্দ্র করে সংঘর্ষে হালিম হাওলাদার নিহত হন। এ ঘটনার পরদিন ১৬ মে নিহতের ভাই মো: দেলোয়ার হোসেন ১৩ জনের নাম উল্লেখ করে ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস্স)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিমিটেড।

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বাঁধ রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯

০১৭১৪-০৬৫৮৮৬, ০১৭০৬-৩৪৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ চ্যালেঞ্জ করলে উত্তেজনা আরও বাড়বে: ইরান

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যের যুদ্ধ অবসানে চলমান আলোচনার মধ্যেই কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে ইরানের নিয়ন্ত্রণকে চ্যালেঞ্জ করার বিরুদ্ধে কঠোর সতর্কবার্তা দিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাপাচি। তিনি বলেন, তেহরানের ৩ এর পাতায় দেখুন



আগৈলঝাড়ায় হাতের স্পর্শে উঠে যাচ্ছে রাস্তার কার্পেটিং

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়ায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে বাস্তবায়নকারী তালবাড়ি রাস্তার উন্নয়ন কাজে ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। বৃষ্টির পরে কার্পেটিংয়ের কাজ করার সময় স্থানীয়রা প্রতিবাদ করেন। কিন্তু কোনো কর্তৃপক্ষ করেনি ঠিকাদার প্রতিষ্ঠানের লোকজন। উপজেলা ৩ এর পাতায় দেখুন

নয়াভাঙনী নদীতে লাকড়িবোঝাই ট্রলারে ডাকাতি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের মুলাদী ও মেহেন্দীগঞ্জ উপজেলার সীমান্তবর্তী নয়াভাঙনী নদীর খাসেরহাট এলাকায় লাকড়িবোঝাই একটি ট্রলারে ডাকাতির অভিযোগ পাওয়া গেছে। শনিবার দিবাগত রাত ৩টার দিকে ৪-৫ জন দুর্বৃত্ত দেশীয় অস্ত্র নিয়ে ট্রলারে উঠে মাঝিসহ সবাইকে জিম্মি করে টাকা, মোবাইল ফোন ও বিভিন্ন মালামাল ৩ এর পাতায় দেখুন



জেলা প্রশাসক ফুটবল টুর্নামেন্ট, রাজাপুর দলের জন্য রিপোর্টার্স ইউনিটির জার্সি স্পন্সর

সুদেব মালিকার, রাজাপুর

বালকাঠি জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসক গোষ্ঠ কাপ ফুটবল টুর্নামেন্ট ২৬ উপলক্ষে রাজাপুর দলের জন্য জার্সি স্পন্সর করেছে রাজাপুরের ঐতিহ্যবাহী সাংবাদিক সংগঠন রাজাপুর রিপোর্টার্স ইউনিটি। রবিবার সকাল ১১ টায় রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা কার্যালয়ে নির্বাহী কর্মকর্তা ও রাজাপুর ক্রীড়া সংস্থার সভাপতি রিহাফ আরা মৌরির হাতে এ জার্সি হুঁদে নেন ৩ এর পাতায় দেখুন



বালকাঠিতে ঘণ্টার পর ঘণ্টা লোডশেডিং ব্যাহত স্বাভাবিক জীবনযাত্রা

বালকাঠি প্রতিনিধি

বালকাঠিতে তীব্র লোডশেডিং ও বিদ্যুৎ অফিসের নানা অনিয়মের প্রতিবাদে মানববন্ধন করেছেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। রোববার (২৮ জুন) বেলা ১১টায় বালকাঠি প্রেসক্লাবের সামনে এই মানববন্ধনটি অনুষ্ঠিত হয়। এ সময় দ্রুত নিসর্বাচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত ও অনিয়ম বন্ধে কার্যকর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তারা। মানববন্ধনটির আয়োজন করে স্থানীয় সামাজিক সংগঠন “বালকাঠি মানব কল্যাণ সোসাইটি”। মানববন্ধনে বক্তব্য দেন সিনিয়র সাংবাদিক দুলাল সাহা, দৈনিক দূরযাত্রার সম্পাদক ও বালকাঠি প্রেসক্লাবের সভাপতি জিয়াউল হাসান পালাশ, সাংবাদিক জাহিরুল ইসলাম জলিল এবং সিপিবি'র সাধারণ ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাধির রাহমনির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com